# गाक्त्य।

**ছুবি সেক্ষপীয়র প্রণীত** ম্যাক্বেথ নাটকের বঙ্গামুবাদ।



## মুক্ত বারু গিরিশচন্দ্র ছোষ কর্তৃক শ্রুবাদিত।

(মিনার্ভা ও ক্লানিক বিজেটারে অভিনীত) শ্রীঅবিনাশচক্ত গঙ্গোপাধ্যায় প্রকাশিত।

কলিকাডা.

৬ নং ভীম খোটেছর লেন, গ্রেট ইভিন্ থেটো ইউ\_নি, বহু ৭৬ খোশাদি হারা মুক্তিত।

सन ১००७ जान ।

ভাবুক সুধীর জনে, আসি এই রঙ্গাগনে, কাবোর বিকাশমার করে আকিঞ্চন। কণাক্ষের ভঙ্গি যার. ক্ষুদ্র প্রাণে অধিকার. হেরে যাত্র কামিনীর কটাক্ষ-জলগ । চিত্ত-হারা চিত্রকর, ধানি-মগ্ন কবিবর, বঙ্গালয় ভাহার জীবনে প্রয়োহন। ভ্রমিছে কর্মা-পথে, পুরাইতে মনোরথে, উচ্চ আবে জনমের স্থপ বিদর্জন ॥ কেবল কলত্ব ভার, জীবনের সার ভার, অগীক সম্পদ আশা বাসা কল্লনায়। হ'লে প্রাণ অবসান, কেচ করে ত্ণগান, महाकृति (मक्कशीयत ज्यानर्न (इशास ॥ यशन व्यवश्च घरम শান্তির ঋশান-ভূগে, নিন্দা বা আদরে তার কে জানে কি হয়। চিত্রিয়ে সভাব-ছবি, বুঝি বা ভাবিত কবি, চিত্রের আদর ভার হবে ধরাময় ॥ ভীবনে বিফল আল. এবে পূৰ্ণ অভিলায. নাহি।খাস, সে প্রহাস নাহি এবে তার। অভিনেতামাত্র আমি, কবিবর অহুগামী. আলোচনা বিষল কি হেতু করি তার॥ ক্লি লানি কি প্রাণে গায়, কে জ্বানে কি হেডু হায়, নাট্যাগারে কবিবরে করিব সন্ধান। हाति विष स्थीउथ कत् निकारान !

### নাট্যোল্লিখিত ব্যক্তিগণ।

### পুরুষগণ।

(Duncan) স্কটলাত্তের রাজা। ভনক্যান (Malcolm) মাক্র (Malcolm) ভনাল্বন (Donalbain) गांकरवन (Macbeth) বাংদা (Banquo) থাক্ডক .(Maeduff) বেনকা (Lenox) (Ross) ব্স ঐ অমাতাগণ। নেদ্যামপ (Menteich) आत्राम् 🦟 (Anga-) কেটনেস 💉 🦠 (Caithness) ফ্লিয়েন্দ (Fleance) ব্যাহোর পুর । ্রন্ধ শিউরার্ড (Old Siward) ইংলগুরাজের দেনগোট যবা নিউয়ার্ড (Young Siward) वे भूछ। সিটন (Seyton) স্যাক্রেগের অন্নচর। বন্ধান্ত দৈনিক, দারপাল, ডাকিনীএর ও অন্তান্ত ডাকিনীগণ, দৃষ্ঠ, লউগণ, সেডীগণ, ডাব্ডার, পরিচারিকাগণ, হত্যাকারী সেনাগণ, মাাক্ডফের পুলু, বাাকোর প্রেতামা, ছারাম্র্রি সমূহ, থানসামাগণ।

#### স্ত্রীগণ।

লেডী মাাক্রের (Lady Macbeth) মাাক্রেরের স্ত্রী। লেডী মাাক্ডফ (Lady Macduff) মাাক্ডফের স্ত্রী।

১ম ডা। কোন্ থানে, বোন্ কোন্ থানে, বোন্ কোন্ থানে ? ঠিক্ ঠাক্ ব'লে দেলো, দেতে হবে কোন্ থানে ?

२व छ।। ह्वरणा ताँकीत्र मार्छ यात।

তম ভা। ম্যাক্বেথেরে দেখা দেব, ঘাপ্টি মেরে এক কোণে।

अ छा। याँ याँ याँ गाँठ ला मिमि, छाक्ष्य (मनी छान्तिल);

>য় ভা। পাঁদার থেকে ভাক্ছে বোড়া, কোলা ঐ স্থারকা জিবটা মেলে।

স্থাড়া। আয়ুষ্**ট চ'**লে, আয়ুষ্ট চ'লে, আয়ুষ্ট চলে।

সকলে। ভাল মোদের কালো, ফল মোদের ভাল। আঁদাড় পাঁশাড় আনাচ কানাচ দূরে বেডাই চল।

( অপর ডাকিনীগণের প্রবেশ)

मकरन।--

(গীত)

हल् गाठे हल् याहे,
हल् हल् हल् हल् हल् वह याहे त्या गाहे,
बहे त्या वहें, बहे त्या वहें,
बहे बहे बहे बहे, बहे बहे बहे,
निमित्त तमा स्थान स्यान स्थान स

[ नकरमन थहान

## দ্বিতীয় দৃশ্য।

#### ফরেসের নিকটন্থ শিবির।

্রেপ্থো রণ্ডছা—ডন্ক্যান, ম্যাক্ষ, ডনাল্বেন, নেনর ও অফুচরবর্গ,—জ'নক শোণিতাঞ্চ দৈনিকের সহিত সাক্ষাং।।)

ভন্কা। সর্কালে কধির ধারা আসে কোন্জন?
জ্ঞান হয় হেরিয়া উহায়,
উপস্থিত বিদ্রোহ বারতা পারে করিতে বর্ণন।
মাাকম। এই বীরবর, শত্রুকরে করিতে উদ্ধার মোরে,
ফ্থাসাধ্য কবিল সমর।

( দৈনিকের প্রতি )

এস এস বশক ধীমান,
নরপাল সমীপে করছ নিবেদন—
সমর অবস্থা কিবা,
ববে তুমি রণভূমি আইলে ডাজিয়ে।
বৈসনিক। জয় পরায়য়, বছকণ না হ'লো নির্ণয়,—
বেন সম্ভবিত ছইজনে ক্লান্ত পরিপ্রমে
ধরে পরম্পরে,
বাহে হয় বিফল কৌশল দোহে।
দয়াহীন মাাক্ডোনাল বিজ্ঞোহী-প্রধান—
বিজ্ঞোহী নাবের বটে বোগ্য ছরাচার!
পশ্চিম দ্বীপের বত পাপাশ্রপরে,
বিগতিক ভ্রথারী,

আর আর বর্মাবৃত যতেক চুর্চ্জন. মক্ষিকার সম, লিপ্ত হ'ল সে আধারে। নৌভাগ্য সহায় ভার হ'ল ক্ষণকাল. বারনারী সম হাসিল প্রসর মুখে. কিন্ধ বিফল সকলি। মহামতি মাকেবেপ অসীম সাহস-বীর নামে কোগা সে ধীমান. উপেক্ষিয়া বিপক্ষের সৌভাগ্যের হাসি. করে ধরি স্থাণিত অসি---উষ্ণ শোণিতের ধুম থেলিছে ফলকে. রণদেব-বরপুত্র সম শ্রেণী ভেদি পশিল সমরে. ভেটিল সে ক্রীডদাসে : না কবিল ৰাকাব্যয় মিই সন্মাৰণ---স্বন্ধ হ'তে নাভিদেশ দ্বিগণ্ড করিয়ে. ছর্ণের প্রাচীরে মুগু করিল স্থাপন। ডনকা। ধরু ধরু বীরবর । ধরু তুমি ভ্রাতঃ । সৈনিক। কিন্তু হায় নরনাপ। ट्यिका जुराब माना निनकत्र शतकत यटन, সে সময়ে বহে ঝঞ্জাবাত কলপোত-নাশকারী; সেইরূপ সমরে ভূপাল, ष्यानत्म रहेन यहा निवानत्मानव । দুচু অল্লে ক্লারপক স্বপক তোমার, मधिन ममदब यदा छत्र मिक्दत. शृष्ठं भिन क्रज्ञामी विशक विश्रह ;

স্থাোগ সন্ধানে ছিল নরওয়ে-প্রধান, সুসজ্জিত নব সৈতে কৈল আক্রমণ।

দন্কা। নাহি চমকিল তাহে সেনাপতিষয়, বাাকো আর ম্যাক্বেপ ?

বৈদিক। হাঁ, গঞ্জ চমকে যথা চটকে হেরিয়া,
শশক দৰ্শনে যথা শিহরে কেশরী।
গুন রাজা করি আমি স্বরূপ বর্ণন,—
দ্বিগুণ বারুদপূর্ণ কামান যেমন,
অধাক ছ'জন, পুনঃ পুনঃ আঘাতিল অরিদলে.
উক্ষ রক্তে করিবারে স্নান—
কিয়া অন্থির ম্যাদান করিতে নিম্মাণ,
বাসনা দৌহার;
কি জানি কি অভিপ্রায়ে যুঝে চুই বাঁর।
বাক্য নাহি বরে,

রাস্থ তথ্য করেতেছে ওঞাষা প্রার্থনা। ভনকা। তব বীর অংক অস্ত-লেখাসম

বাকা ভব গৌরব-বাঞ্চ ।

( অনুচরগণের প্রতি।

नाय यो ९ जिसक निकारी।

ি দৈৰিককে লইয়া অফুচরগণের প্রস্থান।

এ কে আদে ?

माकिम । त्रम् अपन्य-अधान ।

লেনকা। হেরি নরনের ভাব, হয় অফুভব, অন্তত ঘটনা কিছু করিবে বর্ণন।

#### ( রদের প্রবেশ )

क्रेचर करून नव-रहित कन्मान । রুস । ডনকা। কোণা হ'তে স্বাগমন স্বমাতা-প্রধান ? রণস্থল হ'তে নরোন্তম ! त्रम । বিপক্ষ পতাকা যথা করিছে বাজন---अभयुक्त करनवर्त्त, अशक स्मानंत्र। বছ সৈত্তে স্ক্রসন্ধিত নরওয়ে-প্রধান, গুরাচার কুলাঙ্গার কদরের পতি. রাজপক ত্যজিয়া গর্মতি, সন্মিলিত বিজোগী সংহতি. আরম্ভিল খোর রণ অরি: সমর-দেবীর প্রিয় সামস্ত-প্রধান. रेमग्राधाक एव. দ্চ বর্মে সাজি মহাশুর ভেটিল সে বিপক্ষ প্রধানে: প্রতিছন্দী-আয়ণ চালনে. অস্ত্রমূপে অস্ত্রমূপ করিল বারণ---অন্তে করি অস্ত্রাঘাত. গুরুনের গুংসাহসদমি: রণ অবসান--হইয়াছে অয়লাভ। ভনকা। অতি সুথেব সংবাদ। রস । विशक-श्रिमा करत्र मित्र शार्थमा. সন্ধির কথায় কেবা করে কর্ণপাত। bice इंडे रफ देना क्वित्र नश्कात :

তব পক্ষ হ'তে আজা হরেছে প্রচার— দেবের মন্দিরে দান দিলে ছরাচার, তবে পূর্ণ মনস্বাম হইবে তাহার।

দুন্কা। অতঃপর কদর-ঈশর,
আর না করিবে প্রতারণা,
আর না করিবে মম অস্তরে আঘাত।
গাও, তার মৃত্যু-আজা করহ প্রচার;
তার পদ সৈতাধ্যকে করহ অর্পণ।

বস্। হেরিয়া আদিব প্রভু, আজ্ঞা সমাধান। জনকা।। কর্মদোধে যেই পদ হারা'ল গুর্জন.

নিক গুণে সেনাপতি করিল অর্জন।

मिकलाव अवाम ।

## তৃতীয় দৃশ্য।

### क्रतरमत निक्षेष छेषत्र।

বজনাদ।

( अक्निवेखरात क्रांत्र)

১ম ছা। বোন, কোপায় ছিলি ব'লে ?

२व हो। कि कि कि लारतित होना हिनुष्किलम क'रत !

ত্য ভা। ভূই কোখার ছিলি বোন ?

)म छ। त्यान्, वनि छत्व त्यान्,—

অংলা চুলে মালার মেরে, ব'লে উলোম পার, ভোর কোঁচড়ে হেঁচা বাধাম, চাকুম চাকুম বাম চাইতে গেলুম একটা মুঠো, পাড়াকুছলী মাগী.-नाक्টा (नाफ मिला (छाफ, व'ति "मृत इ घानी"। তার ভাতার গাছে বিদেশ ভূঁরে, নৌকা টেনে মরে. সেই থানে তার কাছে যাব, চালুনীটা ধরে; হ'য়ে ইছর বেড়ে, নৌকা দেবো ফেড়ে, আমি দেখ্ব ভারে, দেখ্ব তারে, দেখ্ব !

বাতাস ফুর স্থারে, পুরে বেড়ায় ঘুরে, এনে দেব ভোৱে श्य छ।।

ওলো, তুই স্বাপন গুণে রাধ্বি আমায় কিনে। ১ম ডা।

अंद्रेकी वालित (मथा (भरन वान्त करहे भ'रत। ৩য় ডা।

এ দিক ও দিক পুরে বেড়ায়, আর যত সব বায়,— 1 12 FC এখান ওখান হেপায় সেপায়, যেপায় তারা যায়, সকল আমার হাতে, এড়াবে কি ভাতে ? ক'বৰ তাবে খডের জাটি, স্বত্ব গুয়ে থেয়ে, वकरव ना ट्रांथ मिरन (ब्रटक, शाकरव वागि (हरत । ভেকো ভ্যাকা পাক্ষে একা, জবু পবু হ'য়ে। জলবে বিশুণ নয় নবশুণ, সাত সতর রাত, पुरुद्द ना जात्र सोका थाना, बरफ़ क'त्र्दा काठ।

रय छा। देक मिथि, देक मिथि!

माथ माथ कि वत्नि !

১ম ডা। টাড়াল নেয়ের ভূতো পুডো, নৌকা টেনে যেডে, बहेकी डेर्फ म'रना बाहा, ड्रुला बाँधात (तरंड : ওৎ পেতে গে ভিড়ে, নিছি বুড়ো আছুনটা ছিঁছে। ( বেপথো তেরি ধানি )

38 छो। अम अम अहे कड़ाक बता, माक्रवेश अता ह'ता।

কিন্ত হেরি শাশ্রু মূথে— যাহে, নারী নাম দিতে নারি।

মাক্। কে তোরা, প্রকাশ ত্রা, যদি থাকে ভাষা ?

১ম ডা। জয় জয় জয়, মাাক্বেপের জয়!

য়ামিদের পতি নারে সর্ললোকে কয়।

২র ডা। কদরের পতি আব্দ, জর জয় জয়। জয় জয় মাকিনেপের জয় জয় জয়।

তর ভা। জয় জয় জর, ম্যাক্বেণের জয় । রাজরাজেশার যেই ছইবে নিশ্চয়।

ব্যাহো। শুনি ভাবি গুভ বিবরণ,—
কহ. কি কারণ শিহরিলে মহাশর ?
অশুভ শকার বেন !
(ডাকিনীগণের প্রতি)
শুগাই সতোর নামে,
তোরা কি রে করনা স্থলিত—
কিহা দেখি যেই মত
সেই মত বিকট আকারধারী ?
সন্তাহিলে স্বাশ্য বন্ধরে আমার, কর রবে,
রাল্য অধিকার তার হবে ভবিষ্যতে;
বাকোর ছটার তো স্বার,
অভিতৃত হের তারে।
নাহি সন্তাহিলে মোরে,—
বাকে হবি লুটি তব সমরের বীকে

কিবা হ'বে অঙ্কুরিত কি বাবে গুকারে, সস্তাব' আমায় ; নহি অস্থগ্রহপ্রার্থী তো সবার, নিগ্রাহ্ন না ডবি।

नकरन । का बाब का बार !

->म छ।। गाक्रव**४ इटेटा कृत किंद फेछ** छत्।

িষ ডা। নহে সম স্থী, স্থী তাহ'তে বিস্তর।

্থ্য ডা। নহে রাজা, পুত্র তব হ'বে রাজোশর।

জন কর হয় !

माक्रवं वारका उन्तर क्य !

> म छ।। इत्र इत्र भाक्तिय वास्त्रित इत्र!

নাক্বেপ। রহ রহ রে অফ্টুবাদি !
বিস্তারি কহরে মোরে,
আনি আমি হইরাছি মামিদ ঈরর ;
কিন্তু কদরের পতি বলি দন্তার' কেমনে ?
জীবিত, সৌভাগাশালী দেই মহাজন।
আর রাজা, রাজালাভ হইবে আমার ?
প্রভারের দীমার অতীত কপা!
কদরের পতি হ'ব দেইরূপ অসম্ভব!
বল বল, কোঝার পাইলে হেন অমুত বারতা?
কিবা হেতু, তুণশুভ হত্তর প্রান্তরে,
নিবারিছ গতি দোহাকার, কহি ভবিষাৎ বানী ?

मडा कर. बिकामि ভোষের।

[ क्वियोगानंत्र अक्षर् ।व /

ব্যাকো। ওঠে বুদ্বুদ্ সলিলে,
ধরার নেহারি সেই মত,
মৃত্তিকার বুদ্বুদ্ এ সব;
অক্ষাৎ কোণার মিশা'ল গ

মাক্। মিশা'ল অনিলে,

ফুলকায়া খাসবায়ু সম মিশাইল বায়ুসনে;

হ'ত ভাল স্বহিত যগপে।

বাাকো। সত্য কিবা ছায়া, যাহা প্রত্যক্ষ হেরিছ ? কিথা কোন উষধ প্রভাবে জ্ঞানবৃদ্ধি হরেছে দোহার ?

মাক। রাজ্যের হ'বে তব বংশধরগণে!

বাজো। তুমি হ'বে রাজা!

মাাক্। কদরের অধিপতি আর, হইল না এইরূপ বাণী ?

वारिका। अधिकन छहे कथा। कि आंतिरह हिथा ?

( ब्रम् ७ ग्राकात्मव अत्वन )

রস্। স্থা নরনাথ তর বিজয় সংবাদে,
বিজ্ঞাহ-বিবাদে তনি বীরত্ব আখান,
বেইরপ চমৎকার লাগিরাছে তাঁর;
ততোধিক প্রশংসা তোমার, উঠিছে হৃদরে,
হৃদি-হন্দে নীরব ভূপাল।
বেন প্রতিক্ষণে ভোমারে করেন দরশন—
বৃহক্তেরে বিপক্ষের প্রেণী নাবে, অভীত হৃদর,
চারিদিকে রচিতেছ অন্তত মৃত্যুর হবি;

শিলার্টি হর বেই মত;
এলো দৃত যুদ্ধবার্তা ল'রে,
প্রতি জনে ঢানিল সংবাদ,
অবসাদ-হীন তব বিক্রম বিশাল—
প্রকাশিলে যাহা বীর, রাজ্যের রক্ষণে।

ক্লাক্সাস। প্রেরিবেন নরনাথ আমা কোঁছে,
ভানাইতে ধন্তবাদ তাঁর;
পাইরাছি অমুমতি
ল'য়ে যেতে সসন্তমে ভূপতি সদনে,
ভাসি নাই দিতে প্রকার।

ক্লিস্। দানিবেন উক্ত মান ভূপাল আপনি,
নিদর্শন তার, তাঁরই আজামতে আজি,
সম্ভাষি তোমায় কদরের অধিপতি নামে;
সেই উচ্চ পদ আজি তব।

নাকে। এ কি, প্রেতে কহে সভা কণা !

মাক্। জীবিত সে মহাজন,

পর-পরিচ্চদে কেন সাজাও আমার ?

गाणाम । मडा वर्षे बीविड इर्कन,

কিন্ত শুক্তর রাধ-আঞ্চা তার প্রতি;
যে আঞ্চার জীবন সংশর তার।
অবোগ্য জীবন,
বিজোহীর সনে বোগ দিল রণে,
কিন্তা গুপ্তভাবে সাহায্য করিল
অদেশের অহিত সাধনে, নাহি কানি।

निक्रमूर्थ निक् मांव कविन श्रीकांत : রাজদ্রোহী, পদচাত সেই হেড়। ( খগত ) গ্রামিস ঈশর—কদর-ঈশর. মাক। উচ্চতর সন্মান এখনও বাকী ! ( প্রকাল্ডে ) আপ্যারিত হইলাম আমি. এত ক্লেশ করিয়াছ দিতে সমাচার ! ( ব্যান্ডোর প্রতি ) হয় কি হে আশা তব মনে, তব বংশগ্রহাণে, হ'বে রাজ্যেশ্বর জনে জনে ? (मर्थ ना, तम्थ ना, कमत्र-श्रेश्वत्र कहिंग जामात्र. সতো পরিশত হ'ল ভবিষাত বাণী। বাাছো। সে কথায় করিলে প্রভার. উত্তেজিত করিবে তোমায় ধরিতে মুকুট শিরে ! কিন্ত অতি আশ্চর্যা ঘটনা, শুনিয়াছি, তমাচ্ছর নরকের অমুচরগণে কছে সভা বাণী, ল'য়ে যেতে পাপ-পথে, ক্ষুদ্র দানে ভ্লার মানব মতি. করে প্রভারিত পরে গুরু আশা ভঙ্গ করি। (রুস ও র্যাঙ্গাসের প্রতি) ভাই শোন। ( খগতঃ ) ছই ভবিষাৎ বাণী মতো পরিণত,— याक । রাজ-অভিনরে স্থন্দর স্থচনা গান বেন ! ( বুদ ও রাাকাদের প্রতি ) আপাারিত হইলাম মহোদরগণ।

( খগত ) অমাত্রী ভবিষাৎ বার্ণী নহে ত অওত :

विंड नाह ७७.

অণ্ড বছপি, কেন ভবে সকল বচন--खावी एक निवर्णन गम ? আছি ত ক্ষর-গতি আমি। किंद्र रखिश महत्वत्. পাপচিন্তা কেন উঠে মনে ? त कीवन इति क हेकिछ करत जम मम: বার বার অন্তর আমার আঘাতিছে বক্ষঃছলে। অস্তব্ৰে কি হেডু হেন অস্বভাব ক্ৰিৱা ? করনা-চিত্রিত বোর আতত্তের ছবি. বৰ্তমান ভৱ হ'তে অতীব জীবণ। হতাার করনা হরেছে উদন্ন মাত্র এবে, কিছ তার বিশুঝল মনোরাল্য নম, চিত্ত, যতি, বৃদ্ধি আছাদিত-वर्डमान मुष्ठिशीन आगि, দুর ভবিবাৎ দুল হর সভাঞান। বাজো। হের, বছু মম চিন্তার মগন। ( चगठ: ) छागा यनि करत यादि वाना, म ग्रक्। ভাগা দেবে মুকুট আমার চেটা বিনা। बारको। नृष्ठन मन्त्रान त्वन नव भन्निक्ष, বাৰহার বিনা ভাগ আদে নাহি বসে। गार् । ( पश्छः ) वा र'वात्र रहा रहाक, চিন্তা কিবা তার: हांबा बिनि शिहरव नमब. इकिन ना बन्न, व'रव वाच ।

বাাকো। মহাশয়, আছি অপেকায়। गांक। কর ক্ষমা, অতি লড মস্তিছ আমার, ভূলিয়াছি, কোন কথা নাহি আৰু আগে স্বভিপথে। সদাশ্য মহোদমগণ. ष्यामां (र के करत्र एत क्रम, র্চিল অক্সিড মুম অন্তরে অন্তরে পুস্তকে জন্মর যথা, প্রতিদিন করিব স্মরণ। हल गांहे, खुशान मनन । ( বাছোর প্রতি ) (मथ वीत्र, विठातित्रा मरन ঘটিল যে অন্তত ঘটন. পার যদি নির্ণয় করিতে কিছু: পরে সমর অস্তে, ক'ব কথা পরস্পরে---অকপটে জানা'ব অসত্তর দৌতে। बारिका। ভाग जान जान महानत ! स्त्री इ'व এ विषय आत्मानाता।

মাক্। তদবধি এ কথা না কর উত্থাপন। চল বন্ধগণ।

## চতুর্থ দৃশ্য।

#### করেসের রাজবাটী।

#### विषय वामायव ।

্ ভন্কাান, ম্যাক্ষ, ভ্ৰাল্বেন, লেনদ্ন ও অমুচরবর্গের এবেশ )

ডন্ক্যা। কদরণতির জীবন হণ্ড হ'লো কি ? বাবের প্রতি সে কার্যোর ভার ছিল, তারা কি ফিরেছে ?

মাক্ম। সাধ্য, তারা প্রত্যাগমন করে নাই, কিন্তু আনার সহিত এক ব্যক্তির সাক্ষাৎ হ'রেছিল, বিনি বধ্যভূমে তার প্রাণদণ্ড দেখেছেন। তাঁর মুখে সংবাদ পেলেম, নিজ দোব সে নিজমুখে স্থাকার পেরেছে; মহারাজের নিকট মার্জনা প্রার্থনাও বিভার সফ্রতাপ ক'রেছে; তার জীবন অপেকা মুজ্য তার পৌরবকর। কন্লেম, লোকে ধেমন ভূজ্য বস্তু তার জ্ঞান্ত ছিল।

ভন্কা। মানব-মুখে মানব-মনের গঠন দেখ্বার কোন কৌশলই নাই; এই ব্যক্তির উপর আমি বিভর বিবাস স্থাপন করেছিলাম।

( माकरवर, गारका, त्रन् ७ ग्राकारमत वारवन )

হে বীরবর, হে ভ্রাতঃ । অক্তক্সতা-পাণভার আমার অবঃকরণকে নিপীড়িত ক'রেছে; গৌরব-রবে তুরি এরণ ক্রতগানী
যে প্রকার তোনার নিকটবর্ত্তী হ'তে অসমর্থ হয়। তুমি বেরপ
যোগ্য, ডা' অপেকা বনি নৃমে হ'তে, তা হ'লে তোমার বোগ্য
প্রকার দান ও ক্রতক্ষতা প্রকাশ ক'রতে পার্তেম। কেবল মাত্র
বক্ষবা, কেহ তোমার বোগ্য প্রকার প্রদান করতে পারে না।

মাক্। নরনাথ, রাজকার্যে রাজভক্ত প্রকার যা কর্ত্তর্য, সেই আমার প্রকার; আমরা কেবল কর্ত্তব্য সাধনে সক্ষম। মহারাজ সমস্ত কার্য্যের অধিকারী, এতে আর প্রকার কি ? রাজার সহিত, রাজ্যের সহিত, আমাদিগের সন্তান ও ভূত্য সম্বন্ধ; আমাদিগের কার্যা কর্ত্তব্যসাধন মাত্র। সেই প্রেরঃ, যাহা আমাদের প্রীতি ও ও স্থানভাজন, মহারাজের কল্যাণকর।

ভন্কা। হে মহাক্ষন্! তোমায় আমি বল্পে রোপণ ক'রেছি এবং দিন দিন স্থলর ক্ষেত্র ক্ষায় যা'তে বর্দ্ধিত হও সে নিমিত্ত আমি বিশেষ যত্ন ক'শ্ব। হে সদাশর বাালো! তুমি যোগাতায় কিছুমাত্র ন্যন নও, বোগাতা প্রকাশে কিছুমাত্র ক্রটি কর নাই। এস, তোমাকে আলিক্সন ক'রে হৃদয়ে আবদ্ধ করে রাখি।

ব্যাকো। যদি মহারাজের অস্তঃকরণে আমি বর্ত্তিত হই, ফলাফল সমস্ত মহারাজের।

ডন্কা। আমার হৃদরে আর আনন্দ ধরে না, যেন আমার চক্ষের জলে সেই আনন্দ প্রায়ত হ'তে চাচেচ। পুল, অমাতা, বন্ধাণ! আল আমরা আমাদের লোচপুল মাকিম্কে যৌবরাজ্যে অভিষিক্ত কলেম; সম্মান কেবল একা তার প্রতি অপিত হবে না, রালসম্মানে সকল বোগা ব্যক্তিই তারকার ক্সার উজ্জন বিভার ভূমিত হবে। (মাক্বেখের প্রতি) তোমার নিকট অধিকতর ধণে আবদ্ধ হ'বার কলা তোমার গৃহে অতিপি হ'ব।

মাক্। মহারাজের কার্য্য অবহেলা ক'রে যে বিশ্রাম লাভ, তাহা কঠিন প্রম অপেকা ক্লেকর। আমি প্রং আমার গৃহে দৃত হ'ব, আনন্দ-সংবাদে আমার পরিবারের কর্ণকুহর পরিভৃত্ত ক'রব, বিদাস প্রার্থনা করি।

ভন্কা। তোমার বেরূপ অভিকৃতি, ধীমান্।

মাক্। (বগত) বুবরাজ, —

মম উচ্চপথ মাঝে র'রেছে এ বাধা,
লক্ষে এই অবরোধ, করিতে হইবে অভিক্রম,
অধবা পত্তন হ'বে তাহে।
হে ভারকামালা, নিভাও হে, আলোক নিচয়,
ভমোমর গভীর বাসনা-কৃপ মম,
আলোক না করে ভেদ;
চকু নাহি নেহারে হত্তের ক্রিয়া,
পলক পড়িরে ঢাকে বেন আঁখি;
কিন্ত কার্য্য হোক সমাধান—
আভঙ্কে শিহরে আঁখি যে কার্য্য হেরিলে।

( अश्वान ।

ডন্কা। হে ধীমান্ বাছো, সেনাপতির বীরও তোনার না অন্তরপ ! তার প্রশংদা আমাদের তৃত্তিকর রাজভোগ, অতি নিক্কর ভোগ; চল, আমরা ওঁর পশ্চাৎ গমন করি। আমা-ার সভার্থনার জন্ত বাগ্র হ'য়ে চ'লে গেলেন; এ মহান্মার আর লনা নাই।

त्रकालव अवान।

## शक्षम मुना।

### ইনভারনেশন্থ ম্যাক্তবেথের তুর্গের কক্ষ।

( नवराष्ट्र (मधी मा)क्राव्याम व्यापन )

লে-মাক্। (পত্রপাঠ) 'এই কর্মান্ডের দিনই আমি
চাহাদের দেখা পাই এবং বিশ্বস্ত স্ত্রে অবগত হ'লেম, তাহার:
নানবাতীত শক্তিসম্পর। বথন আমার অধিক লানিবার লক্ত
ভাবল ভূকা জন্মিল, তখন বেন হাওয়ার শরীর হাওয়ার মিশাইয়া
দেল; আমি বিশ্বরে ময়! এমন সময় রাজার নিকট হইছে
নুত আসিয়া আমাকে 'কদক্রপতি' বলিয়া সম্ভাষণ করিল।
ঐ বিকটা ভগিনীত্রর, আমাকে পূর্ব্বে ঐ নামে সম্বোধন করিয়া
ছিল এবং ভাবী রাজা বলিয়া অভিবাদন করে। ভূমি আমার
উক্তপদের সন্ধিনী, ভোমায় এ সংবাদ না দিয়া নিশ্বিস্ত হইতে
পারিলাম না। আমার আনন্দে ভোমার যে অংশ, তাহাতে
বেন ভূমি না বঞ্চিত হও। আমার পদ-বৃদ্ধিতে ভোমার পদর্দ্ধি;
ভূমিও আপন পদ অবগত হও এবং ভবিষ্যৎ-বানীতে ভূমি যে পদ
অধিকারিনী, এই পত্রে ভোমায় লানাইলাম। নিজ অস্তঃকরণে
এ কণা গোপন য়ানিবে।' ইতি—

প্লামিদ কদর-পতি হ'বেছ এখন,
হ'বে পরে শুনেছ যা ভবিবাৎ বাণী;
কিন্ত ভবি আমি বভাব ভোষার, পরিপূর্ণ দরাধারে—
পাছে কন্ত্পথ কর অবহেলা।
উত্তপদ ইচ্ছা তব, উচ্চ আশ নহ ত বিহীন;
কিন্ত বিনা পাশে সাধিবারে চাহ প্রবেশন।

যে পদ বাসনা তব হৃদরে প্রবদ,
ধর্মপথে অর্জন করিতে তাহা সাধ।
প্রতারণা কর ঘণা, কিন্তু পরস্থ লালসা তব।
যেই উচ্চাসন লাভ প্রায় তোমার,
চাহ যদি সে আসন,
অবশ্র ছক্ষর কার্যা হইবে সাধিতে;
ভর চিতে, যে কার্যা করিতে—
সেই কার্যা হো'ক সমাধান ইচ্ছা তব।
এস ঘরা, অন্তরের অন্তরাগ মম ঢালি তব কর্ণপথে,
সবল জিহ্বার করি তাড়না তোমার;
দ্র করি অন্তরের বাধা,
প্রতিরোধ করে যাহা মুকুট পরিতে,
বে মুকুট ভাগাসনে শক্তি আমার্থী
চাহে ভোমা করিতে ভূষিত।
( দ্তের প্রবেশ)

कि मःवान ?

দ্ত। অন্ত রাজে মহারাজ এ পুরে অতিথি হবেন।
লে-মাক্। ক্ষিপ্ত তুমি, তাই কহ হেন বাণী।
প্রভু তব নাহি কি রাজার সাথে ?
রাজসনীপে রহিনে, অবশ্র আসিত হেথা সংবাদ নইয়ে,
ব্যস্ত চিত্তে রাজ অভার্থনা হেড।

দৃত। দেবি, অবধান করুন, সভা কথা, প্রভু স্নাস্ছেন,
আমার একজন সহবোগী তাঁ হ'তে বরাবিত হ'বে পৌছেছে, ক্ষত
আগবনে ভার খাসকুছ। কেবল এই সংবাদ যাত্র দিতে পেরেছে।

লে-মাক্। সমাদর কর দূতে, স্থানিরাছে উচ্চ সমাচার।

দ্ভের প্রান।

খাসকৰ দত, কৰ্কণ বাৰস, হ'বে খাসকৰ তার, জানাইতে বাল-আগমন. এই পুরে যমের ছরারে ! আরু আরু আরু রে মরক-বাসি পিশাচ নিচয়!! ভাকিছে জিখাংদা ভােরে আর ছরা করি, হর নারী-কোমলতা আদি হ'তে মম. আপাদ মন্তক কর কঠিনতাময়, কর ঘন শোণিত-প্রবাছ. क्ष वाथ समस्यत्र यात्र. মানব-ৰভাব-জাত অকুতাপ যেন নাছি পৰে. ना हेनात्र फेरम्ब डोयन, बन्द नाहि फेर्ड गरन, যদৰ্ধি কাৰ্য্য নাতি হয় সমাধান। এদ হত্যা-উত্তেজনাকারি। जम यांत्रा अनुभा भन्नीत्त्र, মানব-সভাবে পাপ-উত্তেজনা-ছেড. जम जम नातीत सम्दर् भवः भविवर्क विव त्यव भवाधदा । আৰু আৰু খোৰত্বপা ভাষদী তিবামা! ভীৰণ নৰক-ধুৰে আৰম্ভিয়া কায়; বেন তীকু ছবী না হেৱে আছাত. তমাজ্য আৰম্ভ তেৰিয়া প্ৰথম "कि कत्र ! कि कत्र !" नारि वृद्य ।

( माक्ष्यंत्र अर्थम )

মামিদের পতি, কদরের পতি !
উচ্চতর পদ যাবে দিবে ভবিষাতে,
গাইল ডাকিনীগণ যাহা ।
তব পত্রপাঠে ত্রমি আমি ভবিষাতে,
ভাবীবার্দ্রা অজ্ঞ,—
এট বর্জমান তাজি ভবিষাৎ উদর এখন ।

মাক্। প্রিয়ে, রাজ আগমন হ'বে পুরে।

লে-মাাক্। কবে তাঁর ফিরিতে বাসনা ?

মাাক্। কৰা, এই মত বুঝিলাম অভিপ্ৰায়। লে-ম্যাক্। ওঃ ! দিনকয়, সেই কলা কভু না হেরিবে।

সরল হে মুধছবি তব,

যাহে নরে পৃথকে বেমতি—
পাঠ করে হৃদয়ের অধুত সংবাদ।
ভূলাও সকলে, সময়-উচিত আবরণে;
চন্দু, হস্ত, জিহ্নার ধর হে অভার্থনা।
হও প্রেফ্টিত বেন নির্মাণ কুত্রম,
কিন্ত কণী হ'বে বস' মাঝে তার,
উল্লোপের প্রবোজন অভার্থনা হেডু তার।
নিশার ভীবণ কার্য্য সমর্শণ কর মন্ন করে,
বেই কার্য্য কলে, নিশি দিন—
করিব হাপন আধিপান্তা সংবাদারি,
হ'ব দৌহে প্রেভু স্বাকার।

मान्। अ नकन भारनाठमा कविव गन्धार।

বে-মাাক্। রহ মাত্র প্রদন্ন বদনে, বিক্ত বদন ভাব ভয়ের লক্ষণ ; অন্য কার্য্য ভার নম প্রতি।

[ डेडरप्रम अश्वान ।

## वर्ष पृगा।

### ম্যাক্বেথের তুর্গতোরণ।

( ভন্কানি, মাাকম, ডনালবেন, বাাকো, লেনজ, ম্যাক্ডফ, বৃদ্, ফাকান, বাংগ্যেছকাবক, মশালধারক ও অঞ্চরবর্গের প্রবেশ )

ভন্কা। এ অতি স্থলর পুরী,
বায়ু মৃথমল গতি মধুর পরশে কার।
বারে ব্যক্তের অতিথি এ বিহক্ষ স্থলর
উচ্চ গৃহচ্ড্বাসী, করিছে প্রচার
এই স্থানে বহে চির বসত্ত অনিল,
গৃহচ্ডে স্থোগ থগায়
বুলার তথার স্থলর আপন নীড়,
রহে যথা বহে তথা বায়ু মন্দগতি।

ভন্কা। দেখ, গৃহিণী আমাদের অভার্থনা হেডু আগমন কুছেন। স্বশ্বি, প্রভাগণে রাজভক্তি প্রেণনি ক'রে কখন কথন

( लडी गाक्तरम धारम )

আমাদিগকে বিরক্ত করে সত্তা; কিন্তু তাদের প্রীতি দর্শনে আমি পরম প্রীত হই, প্রীতিভরে আমরা অন্ত তোমার আবাদে এসেছি; দেখ, অনাদর ক'র না। আমার, তোমাদের প্রতি অপার স্নেহ, তাই বিরক্ত কর্তে এলেম। আমার প্রীতির পরিবর্ধে প্রীতিদান ক'রে ঈশরের নিকট আমার মঙ্গল প্রার্থনা কর। তোম্রা আমার নিতান্ত প্রীতির ভাজন।

লেডী-মাক্। মহারাজ, আম্রা রাজনেবার দে সকল কার্য্যে
সক্ষম, যদি তার দিওপের দিওপ সমর্থ হ'তের, তা হ'লেও মহারাজের কুপার নিকট অতি কুল্র হ'ত। রাজ-আগমনে এ পুরী
যেকপ সম্মানিত, তার আংশিক কুতক্সতা প্রদানে আমরা অপটু।
পূর্ব্বকুপা ও বর্ত্তনান কুপার কি আর পরিশোধ দেব ? কেবল
দিবারাত্র ঈশরের নিকট মহারাজের মঙ্গল বাসনা ক'রব।

ডন্কা। কোণার, স্বামী তোমার কোণার ? আমরা তাঁর পশ্চাৎ পশ্চাৎই আস্ছি, ভেবেছিলেম তাঁর অগ্রে এসে পৌঁছিব; কিন্তু তিনি বেগগামী, রাজভঞ্জিতে অধিকতর ক্রতগমনে তোমার নিকট উপনীত হয়েছেন। হে স্কুলরী, অভ আমরা তোমার অতিথি।

লেডী-মাক । মহারাল ! ভৃত্যের যা আছে, তা সকলই নহারাজের; কেবল আমরা তার রক্ষক। বা মহারাজের, তাই দিরে মহারাজের পূজা ক'রব, আরে ত আমাদের কিছুই নাই।

ডন্ক্যা। আমার ভোমার কোমল হস্ত প্রদান কর, তোমার বামীর নিকট লবে চল; আমি তাঁকে অভিলর ভালবাসি, আমাদের বেহ চিরস্থায়ী।

## मश्चम मृगा।

### गाक्रवरभन्न प्रश्न कक।

( বাদাবরকারক ও মশালধারকারণ পরে থানা হত্তে থান্সামাগণের প্রবেশ ও প্রস্থান, পরে ম্যাক্রেণের প্রবেশ )

মাক। এ কঠিন ব্ৰত যদি উষ্ণাপনে হ'ত উদ্যাপন. **अब्र**ः তবে नीय नगाशन : লব্ধকাম হত্যা যদি বারিতে পারিত পরিণাম. অস্ত্রাবাতে ফুরা'ত সকলি, ভূঞ্জিতে না হ'ত ফলাকল ইহকালে। भःकीर्न **७ ७**व-कृत्न माङ्गास निर्खस, করিতাম অবহেলা পর্ণোকে। किंतु এই श्वरू भारत मध देहरनारक। অন্তে শিখে এ শোণিত খেলা. শিক্ষকে দেখায় সেই খেলা প্রাণনাশী। বিষম অপক্ষপাতী বিধির নিয়ম ! যার বিষপাত্র, জানি ধরে তার মুখে। দিওণ বিখাসভঙ্গ ব্যালে ভূপালে, জাতিত্ব প্রথমে, তাহে প্রকা আমি তার, উভয়ে প্রবল বোধ এ কার্যা সাধনে। ৰিভায়তঃ, মমাশ্ৰয়ে অতিথি সে জন. যাতকে রোধিতে হার উচিত আমার. আপনি ধরিব ছুরী, এ হ'তে সম্ভবে পাপ কিবা ? বিশেষ এ নরপতি মাৎদর্যা বিহীন,

সদাশর অতি, রাজ-কার্যা অমল তাঁহার: ত্মণগ্রাম তার, বাজারে ধর্মের ভেরী নিদারণ রোলে. কহিবে সকলে নিদাকুণ হত্যাকাও. मश्रा. शवन-वाहरन. প্রাণনাশ-উপক্রাস ক'বে ঘরে ঘরে.---क्न-मन जिविद्य छनिया. নবশিশু নিরাশ্রয় হেরি যথা দেবদুতগণ. অশরীরি অশ্বপর্চে করি আরোহণ, করিবে ভ্রমণ, উঠিবে ভূমুল ঝড় তাহে। थत वालुका मधान, नत्र हरक वाखित्व मःवान, वांशिकन वहिर्द श्रवन, निविष्ठ नीवनधाता नम, দেবকোধ ভৃষ্টি হেড়। साहि अब छेएडकरा गर्म. একমাত্র উচ্চাশার মাতার আমার. লক্ষ্ক দিতে চার প্রাণ, উচ্চাসন 'পরে, উঠিতে না পারে, লক্ষ্যন্রষ্ট পড়ে অক্স পারে।

( लडी-माक्रवर्षत थावन )

কি কি, কি সংবাদ ?

গেডী-মাক্। তাঁর ভোজন গেব হ'রেছে, ভূমি কি নিমিত চলে এলে ?

মাক্। আমি কোথার, জিজ্ঞাসা ক'রেছে না কি ?
গেডী-মাক্। জান না কি, জিজ্ঞাসা ক'রবে ?

মাক্। এ কার্বো না হ'ব অপ্রসর।

অশেষ সন্মান দান ক'বেছে আমার. রাজ্যময় প্রজাগণ গাহিছে স্থবন. হেন সন্মান-ভূষণ, যুক্তি নহে ত্বরা করি করিতে বর্জন। শেডী-মাাক। মদাপায়ী আশা কি তোমায় ক'রেছিল উত্তেজিত १ ঘোর মাদকের ভরে নিজিত হইল আশা পরে: ঘুমঘোর একণে টুটিল, মন্ততা চুটিল, ৰুম-প্ৰায় পাণ্ডগণ্ড এবে আশা তব, চায় চারিভিতে, ছেরে সচকিতে নিজ কার্যা প্রতি.— করেছিল পূর্ব্বে যাহা উন্মন্তভাবলে। বুঝি প্রেম তব, মম প্রতি উন্মন্ত দে মত : এবে কি সভীত তুমি পুরা'তে বাসনা ? 'নিজ পুরুষার্থ বলে, চাহ কি লভিতে भीवत्तत्र मात्रत्र मुक्छे-ज्यग १ কিন্তু সভীত অন্তরে ক'হ. সাহসে না আঁটে সাধিতে ভীষণ কাৰ্যা। মংক্তপ্রির বিডাল বেমতি, ডরে নাহি নামে জলে। হও স্থির, ক'র না ভৎ সনা; মাক। मकूरवात्र रशंकी कार्या जाश्रत ना छति ; অবোগ্য কার্যাতে ব্রতী, হের সেই কন। লেডী-মাক । কোন পও তবে আমার নিকটে, করেছিল উত্থাপন এ কঠিন পণ ? মানৰ নামের বোগা আছিলে তখন,

সাহস বাধিলে ববে এই উচ্চত্ৰতে।

উচ্চতর পদ বদি করহ গ্রহণ,
মন্থ্যত্ব প্রকার্য অধিক তাহার;
সমর স্থােগ স্থান আছিল অতাব,
করেছিলে পণ স্থােগ পুঁজিরা ল'বে,
সে স্থােগ এবে উপস্থিত;
স্থােগ হেরিয়ে তুমি পুরুবার্থ হারা!
স্তর্গাারী শিশুরে দিয়েছি স্তন,
সল্লেহে ধরেছি তারে বুকের উপরে,—
হেন শিশু এবে যদি হাসে মম বুকে,
দশ্তহীন মুখ হ'তে স্থনাগ্র ছিনায়ে,
আছাড়িয়া মস্তিক বিদারি ভার—
প্রতিজ্ঞা বস্তুপি করি তোনার সমান।

মাাক্। কাৰ্যা যদি হয় হে বিফল পূ লেডী-মাাক। বিফল।

বাধ সাহসের তার বুকে উচ্চ হ্বরে,—
কতু হ'ব না বিকল;
পথশ্রাত্বে, ঘুমঘোরে হ'লে অচেতন.
আছে যেই রক্ষক ছ'জন—
মন্তপানে উন্মন্ত করিব হেন মতে,
যেন স্বৃতি, বুছির প্রহরী,—
হ'বে ধুমাকার ধূমে ভাবরিত;
হিতাহিত জ্ঞানের আধার, মন্তক্ষীণাহার—
তপ্তধ্যপাত্র প্রায় রবে;
নদমত শুকর যেমতি,

প'ছে ববে মৃত প্রায়। সেই কালে,
কি কার্যা অসাধ্য হবে আমা দৌহাকার,
অরক্ষিত ডন্ক্যানের প্রতি ?
হত্যাদোৰ মন্তপায়ী বুক্ষকের পরে
অর্পিতে কি হবে ভার।

শাক্। নির্তীক, নির্তীক তুমি কোমলতা হীন!
কঠিন অঠারে প্রসব' শুঠিন নরে,
কাঠিখ বাতীত, কি জার সম্ভবে তোমা হ'তে ?
প্রহরীর অস্ত্রে হত্যা ফুইলে সাধন,
রক্তাক্ত যন্তপি করি শ্রেই ছই জনে,
ক'বে না কি সবে, হত্যাকাও ক'রেছে তাহারা?

লেডী-মাক্। কার সাধ্য কহে অভ্যয়ত,— যবে উচ্চ শোকধ্বনি ভুলিব গগনে তার মৃত্যু-বার্তা গুনে ১

মাাক্। স্থির মন পণ এবে, দৃঢ় অঙ্গ প্রত্যেশ আমার,
ত্তণবদ্ধ ধহুসন, সাধিতে ভীষণ কাজ।
বাঙ, অতিক্রম করহ সময়, সৌজ্ঞার করি ভাগ;
চাড়ুরীর আবেরণ, ধর হাস্তানন,
স্বরূপ অস্কর ভাব করিতে গোপন।

क्रिंद्रत अव्याम ।

# দ্বিতীয় অঙ্ক।

## अथम पृष्ण ।

### गाक्रिया हुर्ग थात्रन।

( वारका ७ मनावहत्त्व क्रिव्हामत्र अवन )

ব্যাকো। বংস, কত রাত ?

ফ্লিয়ে। চন্দ্র অন্ত গিয়েছে, আমি বড়ি বাঙ্গা গুনি নি

বাাকো। আ'জ্ বিপ্রহরে চক্র অন্ত।

ক্লিয়ে। আমার বোধ হয়, আরও অধিক রাত্রি।

ব্যাকো। আমার তরবারি ধর, আকাশ যেন বারকুপ হ'বে তারামালার আলোক নির্মাণ করেছে। এটাও ধর, আমার চক্ষের পাতার যেন গীলে ঢেলে দিয়েছে, কিন্তু আমার নিজা যেতে ইছে হ'ছেে না; যে সকল ছশ্চিস্তা, স্বপ্নে উত্তেজিত হর, কুপামরী মহাশক্তি আমার অস্তর হ'তে দ্ব কর্মন। তরবারি দাও,—কেও?

( फुछानह महाकरवर्षक व्यावन )

মাক। বৰু।

বাংলা। কি ম'শার, এখনও নিজা বান নি ? মহারাজ শ্যার,—অতিশর নানন্দ করেছেন, লাগনার ভূতাগণকে নানা-প্রকার রাজপ্রসার দিরেছেন। এই হীরাট আপনার স্তীর। তিনি পুনঃ পুনঃ জার অভিধি সংকারের প্রশংসা করেছেন; তিনি পুরুষ সভোবে মর। মাক্। রাজ-জভার্থনার নিমিন্ত প্রস্তুত ছিলেম না, ইচ্ছা প্রস্তুত্ব কত কটি হ'রেছে; প্রস্তুত থাক্লে এরপ অপ্রতিভ হ'তে হ'ত না।

বাবো। অতি স্থাকরণ হরেছে। দেখুন, কলা রাবে আমি সেই বিকটাত্রহকে ক্সপ্রে দেখেছিলেম; তা'দের ভবিষ্যং-বাণী, আগনার সহছে বতকটা সতা হ'রেছে।

ম্যাক্। আমি আর ভাইদের বিষয় চিন্তা করি না; কিন্ত সাবকাশ মত, যদাপি আপনি ছানি বিবেচনা না করেন, সে বিষয় আন্দোলন ক'লে ক্ষতি কি ?

বাজে। আপনার সাবকাশেই আমার সাবকাশ।

মাক্। যন্ত্ৰি, আপনি আমার মতাবলধী হন, তা হ'লে বোধ হয়, আমার হারা আপনার সন্মান বৃদ্ধি হ'তে পারে।

বাজো। আমার তার ক্ষতি কি ? রাজ-ভক্তি সহকারে যদি মান বৃদ্ধি হয়, আপনার উপদেশ মতে চল্ব'।

মাক্। এখনকার কথা নর, বিরাম লাভ করুন। ( বাংগা ও ছিয়েলের এখন।

মাক্। (ভূতোর প্রতি) কর্ত্তীকে বল গে, আমার পান-পাত্র প্রস্তত হ'লে, খণ্টা নিনাদ করেন। ভূই ভ লে যা। ভিতেয়ে প্রচান।

একি, তরবারি নেহারি সমুখে !

মৃষ্টি বম হক্ত অভিমুখে,
আর অসি, কবিনে বারণ !
ধরিতে না পারি, তবাপি নেহারি,—
আরে আরে বিতীবিকা হবি !

অমুভূত নহ কি পর্যে,--নর্নে বেমতি। কিখা ভূমি অন্তরের চরী. উত্তপ্ত মত্তিক মম. স্থানিকাছে তোর ছারা কারা। এখনও নেহারি, কোব মুক্ত করি বেই অসি---অবিকল তার সম প্রতাক আকার ভোর, (म्थारेवा वित्रक्षाक श्व : তোমা সম অস্ত্র মম হ'বে প্রয়োজন। প্রতারিত নরন কি মম দ কিবা প্রতারিত অপর ইক্সিরগণে ? আঁথি করে সভ্য নিরূপণ। এখনও নেহারি.---হেরি শোণিতের চিহ্ন মৃষ্টিফলকে তেগনার, नाहि हिन भूटर्स वाहा ; लग मृष्टि, किছू नरह चांत्र,-এ মম শোণিত-ত্রত, প্রতারিত করিছে নরনে 🍱 খভাব সুৰুপ্ত এবে ঋদ্ধ ধরা 'পরে—মৃতবং ; विकृष्टे अभन त्कृह (मार्थ (बाक् (बाक. বিকটা ডাকিনীগণে মাডিৱে শ্বশানে, त्मत्र विन इंडेस्मरव कृष्टि रहकू राम, প্রেড সম. ওম কার হত্যা বার নাশিতে নিজিত ক্লনে— ব্যজিচারী বলাৎকারী বধা বীমণদে. কতু বা চমকে নিশির প্রছরী. कुरकब विकृष्टे बन छनि।

ষ্টুক্বার কঠিনা নেধিনী, গদশক নাহি তন, যেন প্রতি শিলাগত তব, তাবে না প্রকাশে কোঁখার গমন মম! যেন নাহি হরে, ভরকর সমর উচিত নিশির নীরব তাব! হেথা করি তর প্রদর্শন, জীবিত সে ব'রেছে এখন, বাক্যবারে করে মাক্র উৎসাহ শিধিন।

( নেপক্তে ঘণ্টাশন্ধ ) গমনে আমার, কার্ব্য হ'বে সমাধান, ঘণ্টার নিনাদে মোরে করে আবাহন। ডন্ক্যান,—

শুন না এ রব, মৃত্যু ক্টা রব এ তোমার, শুর্গ তোরে ডাকে কিখা নরক মুন্তর।

( अशन ।

# দ্বিতীয় দৃশ্য।

भूर्व मृगाभडे।

( कडी माक्तरक व्यक्त )

নেডা-মাক্। ধে বদিরা উন্নত্ত করেছে সবে—
করিবাহে সাহন প্রকান নোরে;
ভান-জ্যোতি নির্বাণ স্বার বে প্রভাবে—
উত্তীপিত ত'রেছে আবার।

অবি ! না, পেচক কুৎকার,
ভরদর রজনীর ঘণ্টা-নিনাদক,
কঠিন আরাবে দের বিদার স্বার ।
তাতকণ নিরোগ হরেছে বুঝি কালে,
উদ্যাটিত ঘার, মদমত্ত ভূতাগণে,
নিজকার্য্য করে উপহাস—
নাসিকার ধ্বনি করি ;
পানপাত্রে করিয়াছি ঔষধ প্রদান,
যাহে প্রকৃতির সনে, মৃত্যু করে বাদ—
ভীবিত কি মৃত বলি ।

নেপথো মাাক্ৰে। কেও ? কি, খাাঁ। লেডা-মাাক। বুঝি সর্থনাশ হয়, কাঁপিছে হৃদয়,

জেগেছে সকলে, কার্য্য নহে সমাধান।
উত্তম বিকল, কার্য্য নাশ, মঞ্চাইল—মঞ্চাইল।
এ কি!
কোবমুক্ত করি রাধিরাছি রক্তকের অসি,
ভ্রম নাহি হ'বে দেখে নিতে।
আকারে না হ'ত বদি পিতার সমান,
আমি সাধিতাম কাল:—

( गाक्त्वत्वत्र व्यत्वन )

খামী মন ! মাকৃবে। করিয়াছি কার্ব্য সমাধান, ওবেছ কি কিছু ? লেডী-মাক্। মাত্র পেচকের নাদ, আর বিলীর বছার। করেছিলে কোন কথা ৮

गाक्ता कथन ?

লেডী-মাক। এখন।

ম্যাক্ৰে। নামিতে নামিতে 📍

লেডী-মাক্। হা।

माक्ति। अन, विजीय करक्ट कवा १

(नर्जी-गाक्। जनान्द्रन।

মাক্বে। (হস্ত দেখিরা) দুর অতি হঃথকর !

লেডী-মাাক্। পাগলের কথা,—হঃধকর।

भाक्रव। निजारवादि अत्नक हानिन,

জনেক কহিল—'হত্যা' জাগাইল পরন্পরে:

ভনিলাম দাঁ'ভাৱে সে সব—

প্রার্থনা করিয়া পুনঃ নিজা গেল সবে।

त्न**डी-गाक्। এक कटक चाट्ड इहे बन**।

माक्ति। क्तिक कहिन,—'तका कत्र छगवान् !'

'गांखि, गांखि' क्रांनक कहित,

কত্যাকারী হস্ত যেন দেখিল আমার<sup>।</sup>।

তনিয়া সভন্ন উক্তি সে স্বার,

নারিলাম 'শান্তি' উচ্চারিতে,

ৰবে গোহে ডাকিল কাডরে,—

'রকা কর ভগবান্!'

लाडी-माक्। अन मा अ त्वात्र इडीवना !

নাাক্ৰে। কেন নারিলাম 'পাস্তি' উচ্চারিতে,
জীবরের আশীর্কাদ মন, প্রয়োজন সমধিক;
'পাস্তি' উচ্চারিতে কঠরোধ হ'ল মন।
লেডী-মাাক্। এরণে এ সব চিন্তা নাধি দেহ স্থান,
উন্মন্ততা হ'বে তাহে।

ন্যাক্বে। যেন করিত্ব শ্রবণ, 'ঘুমাওনা আর', 'হত্যাকারী নিজা করে নাণ'। নিজা অবিরোধী— চিন্তায় বিক্ষিপ্ত মন সংযক্ত যাহাতে, শাস্তি প্রদায়ক, দিনগত শ্রম বিনাশক, কত মনে মহৌষধি, প্রকৃতির দিতীয় প্রবাহ, জীবনের কর নিজা করে সংপ্রণ।

জীবনের কর নিজা করে সংপ্রণ নেডী-মাক্। এ কি ভাব তব ? মাক্বে। কহিল আবার—

'ঘুমা'ওনা আর নিজাগত গৃহবাসিগণে, 'মামিসের অণিপতি নিজা করে নাশ, কদর না যুমাইবে আর, মাাক্বেথ না ঘুমাইবে আর।'

লেড়ী-মাাক্। কে করিল এরপ চীৎকার ?

একি, বীর তুমি, নত কর হৃদধের বল,
হেন ক্ষিপ্ত চিস্তা করি আন্দোলন !
বারি ল'রে ধৌত কর
কুৎসিৎ এ হত্তের প্রমাণ।

কি হেতু আনিলে অন্ত তথা হ'তে ?

অন্ত তথার রহিবে;
ল'রে যাও,
করহ লক্ষরগণে রক্তাক্ত শরীর।

মাক্বে। বাইতে নারিব,
ক'রেছি যে কাজ, জুর হয় চিয়্কার আমার;
নাহি হেন সাধা, পুঞ্: বিলোকন করি তাহা।
লেডী-মাক্। অনৃচ্-প্রতিজ্ঞ, অন্ত দাও মোরে;
মৃত বা নিজিত চিত্রপটের সমান,
ভয় পার বালকের আঁখি

চিত্রিত প্রেতের ছবি হেরি।
এখন' যথাপি বহে শোণিত প্রবাহ,
আরক্ত করিব তাহে উভর লক্ষরে;
অপরাধ সে দোঁহার দেখে যেন সবে।

्राज्ञान ।

( त्नगर्था चारत्र व्याचां )

নাব্বে। কোথা হ'তে ছয়ারে আঘাত ?

একি, প্রতি শব্দে কি হেতু এ আতত্ব আমার ?

একি বিজীবিকা করছর—

চকু মম করে উৎপাটন।

বরূপের অধিকারে আছে বে সাগর
বৌত ভাহে হ'বে কি এ হতের শোণিত ?

করাপণে রঞ্জি করিবে সিদ্ধু জল,
নীলাধু হুইরে রক্তাকার।

( लडी माक्तित्वत्वत्र भूनः अत्वर्भ )

লেডী-মাাক। হের মম ভোমা সম হস্তের বরণ।

কিন্তু পাণ্ডবর্ণ সভয় অন্তর তোমার বেমন.— गक्कां रत्र मिट्ड शान स्वांगादा।

(নেপধো হারে আঘাড)

তনি আঘাত দক্ষিণ হারে:

क्रक हन.

किकिए मनिन, स्नाय मुक्त क्षिरत सांशांत ;

(मर्थ, कठ कुछ, महस्र (क्यन:

দৃঢ়তা তোমারে করিয়াছে পরিত্যাগ।

(নেপথো ছারে আঘাত)

শুন, পুনঃ পুনঃ চুয়ারে আঘাত।

চল, রাত্রিবাস বস্ত্র করি গে গ্রহণ;

कि बानि यमाणि इत्र श्रादांकन,

কেছ নাছি বোঝে আছি ভাগ্ৰত উভয়ে।

অবোগ্য চিন্তার মগ্ন হ'ওনা এমন।

মাাকবে। হোক মম আছ-ছতি লোপ,

কাৰ্যা-ছতি লোগ হোক তাহে।

(নেপধো রারে আঘাত)

উঠ হে ডন্কাান্ ৷ শুন, ডাকিছে ডোমার, হার, যদি জাগিবার থাকিত উপার।

ि छ्डात्र थशन।

# তৃতীয় দৃশ্য।

## श्रव मृश्रभहे।

( ৰারণালের প্রবেশ )

দার। (নেপণো দারে আদাত) সতাই তো দোরে ঠক্ঠকাচ্ছে, যদি কোন মিঞাকে নরকের দোরে দরওয়ান হ'তে হয়, তবে দেদার চাবি মোরায়। (নেপথো মারে আঘাত) ঠক্ ঠক্ ঠক্—কেও ? বল বাবা, ছোট শয়তানের কোহাই! এ যে চাধা ভায়া, ফদলের দর কমে গেল, গলায় দড়ি 📭 ঝুলো। এস, স্কাল স্কাল চ'লে এস; রুমাল সলে এনো, এখানে দাম্তে হবে। (নেপথো ছারে আখাত ) ঠক্ ঠক্ ঠক্, বুড় শন্ধতানেয় নামে কেও ? ওঃ ! এ যে সেই বন্ধুলে; বাবা, ছ দিক্ গেয়েছ, পোদার নাম নিয়ে বদিয়াতি! ভেবেছিলে স্বর্গে যাবে, ভা হ'ল না; এস বর্মুলে চাঁদ! (নেপথো ৰাৱে আঘাত ) ঠক্ ঠক্ ঠক্ –কেও ? এ যে দৰ্জিজ ভারা ! কি বাবা, জাঙ্গিয়ার ছাঁট্ চুরি ক'রেছিলে ? খুব সাফাই হাত বাবা ! এস এখানে ইন্তিরি তাতাবে এস! (নেপপো দারে আঘাত) ঠক্ঠক্কচেছই ! পামে না। কেও ? এ বড়ঠাওা নরক যে বাবা, এথানে আর দরওয়ানী চলেনা, ভেবেছিলেম—সকল রকম পেশার লোক কিছু কিছু ছেড়ে দেব; যারা বেশ কুলের উপর দে চ'লে যাচ্ছেন, আংথেরী নরকের আঞ্চনে গা তাতাবেন। যাই যাই, ज्गादन ना भगारे ! ( बांब्रमूक कड़न)

( বাক্ডক ও কেনক্সের প্রবেশ)

মাক্ড। কাল্কি রাভির ঢের হ'রেছিল ওতে ? এখনও ঘুম ভালে নি ? ধার। ছ'বার মোরগ ডেকে গেল, তথনও আমোদ কছি। মাক। এত খুম মদেরই দেখছি।

ষারপা। হাঁ ম'শায়, গলার গলার হ'রেছিল; আমার যেমন কাত্ ক'রে কেলেছিল, আমিও তেম্নি জল ক'রে ছেড়েছি। আমার ত মজবুতী কম নয়, এক একবার ঠাাং ধ'রে টানাটানি করে তুলেছিল, আমিও তেম্নি উগ্রে ঝেড়ে দিরেছি।

ম্যাক্ড। তোমার প্রভু উঠেছেন কি ? এই বে, ডাকা-ডাকিতে উঠেছেন, এই দিকে আস্ছেন।

( माक्ष्याभव व्यवन )

লেনক্। মহাশয়, স্প্রভাত!

মাাক্বে। স্থ্ৰভাত। স্থ্ৰভাত।

माक्छ। महात्राद्यत्र निजाजन ह'रत्रह ?

माक्ति। अथने छेर्छन नि।

মাক্ড। আমার প্রতি থুব প্রত্যুবেই ডাক্বার আজা ছিল, একটু যা দেরি হ'য়ে প'ড়েছে।

माक्ता वामि जाननात्क नित्र गरि हनून।

মাাক্ড। ম'শার কট কর্বেন, এ কটে আপনার আনন্দ আমি জানি।

মাাক্রে। যে কার্ঘো আমাদের অসুরাগ, সেই কার্ঘাই আমাদের শান্তিপ্রদারক। এই দোর।

মাক্ত। যথন স্থামার প্রতি ভার দিরেছেন, নাহদ ক'রে প্রবেশ করি।

( अश्वान ।

लानक्। बहाताक वृत्ति अछहे श्राहान कहारान ?

মাক্বে। হাঁ, এইরূপ তো তার আঞা।

লেনক্। কাল বড় আশান্ত রাজি। আমানের শরনাগারের ধ্মপথ সকল থ'সে পড়েছে, হাওরার বেন রোদন ধ্বনি, অন্তত মুমূর্বের আর্তনাদ!—ভনেছি না কি এরূপ অপ্রাকৃতিক শব্দ ঘোরতর সমাজ-বিপ্লবের পূর্বকার দারে হর্দিন পরিপৃষ্ট হবে! ভিমির সহচর পেচক সমস্ত রোজিই অ্থকার ধ্বনি ক'রেছে। ভন্তুম, পৃথিবী যেন জরাজান্ত হ'বে কম্পিত হ'রেছিল।

ম্যাক্বে। অতি ছনিশা 🕫

লেনক্। আমার শ্বতিতে তো এর তুলনা নাই।

( भाक्डरक्त भून: अरवन )

ম্যাক্ত। বিভীষিকা! বিভীষিকা! বিভীষিকা! মজঃকরণে নয়,--জিহবায় নয়! ধারণা হয় না,--বাক্ত করা যায় না!

गाक्ति। } कि, कि ह'त्राह ?

মাাক্ড। সর্কানাশের চরম কার্যা সম্পন্ন হ'রেছে। অপবিত্র হত্যা, প্রভুর অভিষিক্ত মন্দির ভগ্ন ক'রে প্রবেশ করেছে,— জীবনরত্ব অপহরণ ক'রেছে।

गाक्ता कि व'नाइन १-कीवन १

(लनक्। महात्राध्यतः ?

মাাক্ত। কক্ষে প্রবেশ করুন, প্রস্তরকারিণী ভরছরী নব-রাক্সী দর্শনে চক্ষের দৃষ্টি বিনাশ করুন। আমায় কিছু ভিজ্ঞাসা কর্বেন না, দেখে এসে আপনার বা ব'ল্বার হর বসুন।

[ रानक्म च मार्वस्य अक्षान।

ওঠ, জাগ, খোর রবে ঘণ্টা নিনাদ কর। হত্যা, রাজনোহ! ব্যাখো, ভনাল্বেন, ফাক্ম, জাগ! বুজুর প্রতিরূপ ও অংগার নিজা পরিত্যাগ কর; মৃত্যু দেখ্বে এস। ওঠ ওঠ, প্রশরের ছবি দেখ এসে! মাকিম, বাজো, বলি সমাধিছ হ'রে থাক, প্রেতের ক্লায় এসে এ ভরত্বর দৃশ্র দর্শন কর, ঘণ্টা নিনাদ কর। (ঘণ্টানিনাদন)

#### ( लडी गाक्त्रवा वात्र )

লেডী-মাাক্। কি কাৰ্যো এ ভয়ম্বর নিনাদে, নিব্রিত ব্যক্তি-দিগকে একব্রিত করা হ'ছে ?

মাাক্ত। আঃ স্থালা। আমার সংবাদ অপনার শোন্বার উপযুক্ত নয়, ত্রীলোকের কর্ণে এ সংবাদ প্রবেশ ক'রেই সংহার ক'ব্বে।

#### ( ব্যাক্ষার প্রবেশ )

হায় বাজে! আমাদের প্রভূকে হত্যা করছে।

লেডী-মাক্। ওঃ কি হঃধ ় আমাদের, বাড়ীতে ?
বাাকো। স্থান অস্থান কি. অতি নিদাকণ ৷ বন্ধুন্তম, তোমার
সংবাদ পরিবর্ত্তন কর, বল 'না'।

#### ( तिनक्त ७ माक्रवर्णत श्रा थायण )

ম্যাক্রে। যদি এক ঘণ্টা পুর্বে আমার মৃত্যু হ'ত, জীবন স্থাকর বিবেচনা কর্তেম। এখন হ'তে ভঙ্গুর জীবন সারহীন, সকলই ক্রীড়ার বন্তু, বশ মান মৃত, স্থরাত্রপ জীবনের স্থানর নির্গত হ'রেছে; বা অসার, ভাগুরে ভাই আছে।

#### ( बाक्य ७ छनान्यत्वत्व व्यवन्त )

ভনান্। কি অমলন উপস্থিত ? মাাক্ৰে। নাহি লান' হার!

বিদ্যমান তোমা গৌছে,

কিন্ত জীবন-আকর উৎস---অন্তরের শোণিত নির্মন্তর কন্ধ এবে, কন্ধ সেই মূল প্রাম্পন।

মাক্ড। তোমাদের মুকুটধারী পিতা হত।

गाकिम। जा। (क क'ब्रान १

শেনক্। বোধ হ'লো, ষ্টার কক্ষন্তিত ভ্তোরা; তাদের হস্ত, দেহ শোণিতাক্ত দেগ্লুম্; শোণিতাক্ত অস্ত্র সকল তাদের শিবঃস্থানে পাওরা গেল; তারা হতবৃদ্ধি হ'যে ফ্যাল্ ফ্যাল্ ক'রে
চেয়ে রইল। এইরপ ছব্যান্তি ব্যক্তির হত্তে জীবন অর্পণ অতি
স্বাবিষ্কার কার্য।

ম্যাক্বে। কিন্তু এখন জামার অনুতাপ হ'ছে, কেন তাদের বধ কলুম্

মাক্ড। কেন কল্লেন ? গাক্বে। স্থির বৃদ্ধি, অভিভূত, ধীর, রোধাবিত,

রাজভক অথচ উদাস এককালে—
হ'তে পারে কেবা ? নাহি হেন জন।
প্রেভুক্তি অবল করিল ক্রোধে,
অধীরতা টলাইল স্থির মভি মন।
ডন্ক্যান লারিত, ক্ষিরাক্ত বেডকার—
স্বর্ণের কাককার্যা রহতে যেমতি,
অঙ্গে কত—ভগ্নযার প্রকৃতির
সর্বান্ত বাতক তথার,
লোহিত বরণ শ্বনীত বৃত্তির ভূষা;

অন্ত্ৰ অঙ্গে রক্তছড়া বিভীবিকা ! কেবা বহে স্থির, অক্সরে যে রাজভক্তি ধরে গ

चाट्ड योत्र मोहम (म ऋत्न---

সেই ভক্তি করিতে প্রকাশ !

লেডী-মাক্। আমার ধর, এখান থেকে নিরে যাও !

মাাক্ড। কৰ্ত্ৰীকে কেউ দেখ।

মাাকম। (জনান্তিকে) আমরা কি নিমিত্ত নীরব র'রেছি? এত' আমাদেরই সর্কানাশ!

ডনাল্। (জনান্তিকে) এখানে কি কথা ক'বে? কোথায় কোন্বিবরে কোন্ফণী পুরুষিত আছে, ধাৰমান হ'বে আমা-দের আক্রেমণ ক'রবে। চল, পলায়ন করি; অঞ্জের জঞ্জ যেমন সহজে নির্যাসিত হ'য়েছে, আমাদের তো সেরুপ নয়।

ম্যাকন। (জনান্তিকে) সত্য, এ বিষম অন্তর্গাহ দেখা'ৰার নর। বাজো। কর্ত্তীকে স্থানাহতিত কর।

[ लिखी याक्तपरक वहेता अहात ।

চনুন, আর অর্জাবরিত অংশ হিমে অবস্থান ক'রে কি হবে ?
আমরা একত্তিত হ'রে হত্যা বিবরের অসুসন্ধান ক'রব। নানা
প্রকার আশহা ও সন্দেহ আমাদের বিচঞ্চল করেছে, আমার
ঈখরের উপর নির্ভর। এ জুনীতি, রাজজোহীর জিবাংসার করিণ
জানতে পারে, আমি প্রতিশোধ প্রদানে বন্ধবান হ'ব।

ম্যাক্ড। আমারও ঐ পণ।

नकरन । नकरनबरे धरे क्छवा।

মাাক্। চনুন, দরাবিত হ'রে প্রস্তত হওরা বাক্, মরণা-গৃছে একব্রিত হ'ব। नकल। (महे छेख्य।

शास्त्र ७ छनानदन गुडीड मकलब अशास ।

ম্যাক্ম। কিবা **অভিপ্রা**র তব **?**মরণার নাহি কার্যা আর ;
প্রভারক,—স্থনিপুৰ শোক প্রকাশিতে।
ইংলণ্ডে যাইব আ**রি**।

ভনাল্। আয়লণ্ডে করিব পদ্ধন,
ভিন্ন স্থানে এমি নিক ভাগোর পশ্চাৎ,
সস্তবত রব তাহে ক্লিরাপদে।
র'রেছি বধান, নাহিক প্রতান কা'রে,
হাসিমুখে রেখেছে লুকারে ছুবী,
শোণিত সম্বন্ধে যেবা আন্মীর অধিক,
অক্সারে ক্লিব-লিপা তত বলবান।

মাকিম। ছুটিয়াছে বাতকের তীর, হয় নাই এখনও পজন,
লক্ষ্য মুখ পরিহার, নিরাপদ পথ দোহাকার।
চল বাই অখপুঠে করি আরোহণ;
পিটাচার, বিদার গ্রহণ নাহি প্ররোজন।
চল ক্রন্ত হই বহির্গত, দরা যায়া নাহিক যথার,
ভগ্রাবে পলায়ন স্ববিধি তথার।

[ 4114 )

## চতুর্থ দৃশা।

## गाक्तरथत छूर्णत वहिर्द्धम।

( द्रम् ७ करनक नृष्क्रत्न व्यादम् )

বৃদ্ধ। তিনকুড়ি দশ বংসরের কথা আমার স্মরণ হয়, অনেক ছন্দিন, নানাবিধ ছব্টনা দর্শন করেছি, কিন্তু এ ভয়ত্বর রাত্তির তুলনায় সকলই ভূচ্ছ।

রস্। আর্যা, দেখুন, অর্থ যেন মানবের কার্যো কুপিত হ'য়ে রুধিরাক্ত রঙ্গভূমির প্রতি তর্জন গর্জন ক'র্চে। সময় নিরূপণে একণে দিনমান, কিন্তু রঞ্জনী আলোকময় একচক্রে-রথকে আব-রণ করেছে, নিশা প্রাধান্ত পেয়েছে বা দিনমণি প্রকাশ হ'তে লক্ষিত হ'ছেন, সেই নিমিত্তই বুঝি মেদিনী অক্কারাচ্ছর, উচ্ছল জ্যোতিশালায় এখনও চুদিত হচ্ছে মা।

র্দ্ধ। যে অখাভাবিক হত্যাকাণ্ড ঘট্ন, সেই মত এই ব্যাপারও অখাভাবিক। গত মঙ্গনবারে একটি বাজপঙ্গী অতি দ্র আকালে ভ্রমণ কছিল, সহসা একটি পেচক তার প্রতি ধাব-মান হয়ে সংহার ক'লে।

রস্। বেগৰান্ স্থানর রাজ-জাব; সকল জাবজাতির শ্রেষ্ঠ, অকসাৎ উন্নত্ত হ'লে, মন্দ্রা ভয় করে পলারন কর্লে, কোনক্রপ বাধা মান্লে না; বেন ভারা মন্থবোর সঙ্গে সংগ্রামে প্রায়ত হ'ল। অভি আশ্চর্যা, এ সভা কথা।

বৃদ্ধ। ওন্নের নাকি ভারা পরস্পর প্রস্পরক্তে ক্ঠ-বিক্ত ক'রে বাংস ভক্ষণ ক'র্লে। রস্। আমি বিশিত নেত্রে দেব্লেম, ভাই বটে ! ম্যাকডফ্ মহাশয় আস্ছেন।

( गांक्डकंत्र धार्वण )

गर्गाग्य, मश्बाम कि ?

মাক্ড। সকলই তো অবগত আছ।

রস্। মহাশয়, অবগত **হ'**পেন, এ ছনীত কাজ কে ক'র্লে 🕫

माक्छ। यात्मत्र माक्त्यूथ वथ क'त्त्रहः।

त्रम्। आश कि इरेर्फर ! এ कार्या जात्मत्र कन कि ?

মাাক্ড। তারাই নিয়োজিত হ'য়েছিল; মাাকম, ডনাল্বেন গুপুড়াবে প্লায়ন ক'বেছে, সকলে তালেরই সন্দেহ করছে।

রস্। অস্বাভাবিক কার্কা। এ রাজ্যলোভে ফল ? আপুনার উরতির পদ্ম রোধ কর্লে। বোধ হয়, এখন রাজ্যভার ম্যাক-বেণের উপর অপিত হবে।

ম্যাক্ত। হাঁ, সকলে তাঁরে রাজা নির্মারিত ক'রেছে; তিনি অভিষিক্ত হ'তে গিরেছেন।

রস। রাজসংকার কি হ'রেছে ?

माक्छ। है।, जांत शृद्ध-शूक्षरावत ममाधिष्ठाव, जांत त्वर न'रत्व यांश्रता क'रत्नाक्ष्ता

রস্। মহাশর, অভিবেক দেখতে বাবেন না ? মাাক্ড। না ভাই আমি গৃহে চর্ম। রস্। আমি অভিবেক দেখতে বাই।

মাক্ড। সব বেন প্রচাকরণে সম্পন্ন হর, বিগার হই। তর হ'ছে, পুরাতন পরিছেদ বেষন আল-স্থকর, নৃতন কতদ্র কি হ'বে! রস্। আর্ব্য, নমন্বার করি।

বৃদ্ধ। ঈশব-রূপা বেন ভোষার সাধী হয়। খনদল হ'তে মলল উত্তাবনা করা ও শক্তকে বৃদ্ধ করা বালের বভাব, ভালের ব্যন করণাময় মলল করেন।

[ थशन।

# তৃতীয় অঙ্ক।

## अथम मुगु।

### রাজভবনের কক।

( गारकात थरवन )

বাজে। নকলি পেরেছ এবে, রাজ্য আদি সমুদর,—
বেই বত কহিল বিকটাত্তর।
ভাবি মনে সে কারণে থেলেছ বিষম থেলা।
কিন্তু সেই ডাকিনী বচনে,
ভব বংশে সিংহাসন নহে হারী।
আমি মূল, কিভিধর-শ্রেণীর জনক,
ভব ভাগ্যে সভ্য বদি ভবিষ্যত বাদী—
উজ্জন প্রভার, হ'বে নাকি ভাহে বন প্রারন্ধ নির্পর,
আগে উত্তেজিত নাহি হ'ব কি কারণ ?
কিন্তু হির হও জন্তর আমার,
আন্দোলন অধিক নাহিক প্রয়োজন।

( রাজবেশে আক্বেশ, রাশ্বিদেশে লেডী-ম্যাক্বেশ, লেন্স, রস্, লর্ডগণ, লেডীগণ ও অফুচরগণের প্রবেশ )

गाक्त । धरे त चारांकत धरान चाइउ वाकि ! त्नजी-माक्। धँक जून र'तन, चारात्नत चारतावन नकतर विकन।

মাাক্বে। অন্ত রাজে ছত কার্যা উপলক্ষে ভোজ হবে আমাদিগের আকিঞ্চন, মহাশঙ্ক উপন্থিত থাক্বেন।

ব্যাকো। কেবল ৰাজ মন্থারাজ আজ্ঞা করুন, কর্ত্ব্য ডোরে, রাজ-আজ্ঞার আমি চির আবস্ক।

মাাক্বে। অন্ন অপরাহে, আপনি হানান্তরে গমন ক'র্বেন ? বাারো। হাঁ মহারাল !

ম্যাক্বে। অদা সভাস্বে রাজকার্যো, মহাশরের স্থবিক্ত ও হিতকর প্রামর্শ গ্রহণ ক'র্তেম। থাক্, কলাই হ'বে। বহদ্র কি গমন ক'রবেন ?

বাাছো। প্রত্যাগমন ক'র্তে প্রার ভোজনের সমর হবে; আমার অথ বদি কিঞ্চিৎ মহরগতি হর, হ'চার দণ্ড বিলম্ব হ'তে পারে।

মাক্বে। উপন্থিত হবেনই, আমার বঞ্চিত ক'র্বেন না। ব্যাহো। মহারাজ, কলাচ নর।

যাক্ৰে। পিতৃহতা বাৰপুঞ্জন, ইংলও ও আনুলতে অবস্থান কজেন, আগনাদিগের হত্যাকাও গোপনপূর্কক নানাবিধ গর বচনার, প্রোতাদিগের কর্ণ পরিপূর্ণ কর্ছেন; কল্য সে সকল কথা হ'বে। আর আর বছবিধ রাক্ষাত্ত আমরা উভ্যে এক্তিত হ'বে কল্যই সরাবান ক'ব্ব। আপনি অবারোহণ ক্রম গে। ভাগনি ফিরে আসা পর্যান্ত বিদার। আপনার পুত্র কি আপনার সাধী ?

ব্যাকো। বাঁ মহারাজ! আমাদের বিদারের সমর উপস্থিত।
মাক্বে। আপনার অধ দৃঢ়-পদ ও ক্রতগামী হ'ক, এই আমাদের ইচ্ছা; একণে বিদার।

্বাাছে। ও কুরেলের এছাব।

রাত্রি সাত ঘটিকা অবধি আপনারা, বধা ইচ্ছা কার্য্যে নিযুক্ত হ'ন; আমরা উৎসবকাশীন আনন্দবৰ্দ্ধনের নিমিত্ত এইক্ষণে নিঃসৃক্ত হ'ব। আপনারা আমুন, ঈশ্বর মৃত্যুক করুন।

[ম্যাক্ৰেথ ও জনেক ভূতা ব্যক্তীত সকলের প্রস্থান।

( ভৃত্যের প্রতি ) বাদের আমরা আক্রা ক'রেছিলেম, তারা উপস্থিত আহে ?

ভূতা। হাঁ মহারাজ, খারে উপস্থিত আছে। মাক্ষে। তাদের নিরে আয়।

क्रिकात बार्गन ।

নিরাপদে সিংহাসনে না হ'লে স্থাপন,
বিভ্ৰনা মাত্র শিরে সুকুট ধারণ;
অবঃবৃল সভর ব্যাভার ছরে,
ভূপাল সদৃশ উচ্চ প্রকৃতি ভাহার,
বিরাজিত তাহে হেন ভাব—
বাহে হর শভার উমর;
অতীত অব্যর বীর বহাকার্যক্রম,
সম্বিলিভ বিজ্ঞতা সে সাহসের সমে—
প্রভাবে বাহার, কৃত্তকার্ড হর নিরাপদে।

ৰীবিত নাছিক কেন জন. ৰার জীবনে সভীত মম চিত : ভাগ্য মম, মলিন সমুখে তার---আাণ্টনির ভাগা হবা সিজার সমূথে। ৰবে রাজা বলি, সংখাধন করিল আমার ভীৰণা ডাকিনীগৰে. নিবারিল সেই, ভাগা তার বর্ণিতে কহিল: ভবিবাত বাণী অমনি কৃতিল. ডাকিনীত্ররের মুধ্ে-का का तरद मरवाका, जाकदः न चाकत बनिरत । नियम युक्छ भवारेन यम भिरत ; बीक्टीन त्राक्त के मिन करत. ষেই দণ্ড কাজি ল'বে, শোণিত সম্বন্ধহীন পরে, তনর আমার নহে তার অধিকারী। প্রদানিতে সিংহাসন ব্যান্ডোর তনরে. करब्रिक कि कनूबिछ मन ? সদাশর ভন্ক্যানে করিছ হত,---শান্তিপাত্তে গরল চালিছ, বাাছো-বংশধর হেড় ? নর-জরি পাতকের করে, অর্পিণাম নিত্য আত্মা ময়, তা স্বাদে করিবারে রাজা ? ब्रांबा--बार्कात नकन ! প্রতিকৃষ ভাগা সনে করিব সংগ্রাব, मुखा भन मन छोटर । (4 9 1

( ছুই জৰ হত্যাকারীকে বইনা ভূত্যের প্নঃ ধ্বৰেশ ) যাও, রক্ষা কর বার, যদবধি না ডাকি ভোমার।

্ভিত্যের প্রহান।

গত কল্য না আমরা পরস্পর কথাবার্তা কমেছিলেম ?

১ম-হত্যা। হাঁ মহারাজ, সেইরূপই রাজরূপা হ'রেছিল।

ম্যাক্বে। আমার বাক্যের মর্শ্ব তোমরা বুঝেছ কি ? স্থির জেনো, সে সমরে বাজোই তোমাদের অবনতির কারণ। তোমরা তেবেছিলে—আমি; তা নয়, আমি নির্দোধী। এ সব কথা তোমাদের নিকট সম্পূর্ণ প্রতীয়মান করেছি। আমি তর তর প্রমাণ করেছি, কিরপ তোমাদের আশা দিয়ে প্রতারিত করেছে, কিরপ তোমাদের বিরুদ্ধে কার্য্য করেছে, কি রূপ কা'দের ঘারায় কে তোমাদের পীড়ন করেছে, এবং অক্স সমস্ত বিষয় বিরুত করেছি;—যা'র ঘারা অপ্রক্টেত-আয়া, অতি হীনবৃদ্ধি ব্যক্তিরঞ্জ প্রতীতি হবে, সমস্ত বাজোরই কার্যা।

**১**म-रुला। **आं**शनि नम्नाय**रे सा**नारेबाएन।

ম্যাক্বে। হাঁ, আমি সমস্তই বলেছি, আরও অধিক ব'লেছি; সেই সহছেই আমাদের এই ছিতীর পরামর্শ। তোমাদের প্রকৃতিতে কি বৈর্যাশক্তি এতই প্রবাশ বে, এই সকল ছুর্যাবহার উপেক্ষা কর্তে পার ? বে তোমাদের এই চরম সীমার এনেছে, বে ভোমাদের সন্তান সন্তাতিকে ভিকুক করেছে, তা'র মঙ্গল, তা'র সন্তানের মঙ্গল কামনা ক'রে প্রার্থনা কর্তে পার, এভদ্র কি ভোমাদের নীতিকান ?

১ম-হত্যা। মহাবাদ, আমাদের রক্তমাংসের পরীর, আমর। নাহম ! শাক্ৰে। হাঁ, মহব্যের তালিকার তোমাদের নাম বটে; বেমন নানালাতি কুকুর; বথা—তীব্রসাণ, তীব্রগতি, কুল খেঁকি, লোমশ, লগকুরুর, বাাসাকার প্রভৃতি কুকুরকে, কুকুর বলিরা থাকে; কুকুরেরাও বেরূপ গুণের হারা থাতে, বথা—বেগগামী, মাণাহুদারী, তীক্রবৃদ্ধি, গৃহরক্ষক, শিকারী; মহুবোরাও দেই-রূপ। বদি তোমরা মহুব্যের তালিকার নিম্প্রেনীস্থ না হও, আমি তোমাদের কোন কার্য্য ভার অর্পণ কর্ব,—বাতে তোমরা শক্রহীন হ'বে, প্রীতিডোরে আমাদের অস্তরে তোমরা আবদ্ধ হ'বে। সে লীবিত থাকার আমাদের জীবন সম্ভপ্ত, সে সন্তাপ তার মৃত্যুতে দূর হ'বে।

২ন্ন-হত্যা। মহারাজ, আমার দেণ্ছেন, সংসারে বার বার আঘাত থেরে এতদ্র সস্তাপিত হ'য়েছি বে, সংসারকে প্রতিশোধ দিতে কোন কার্য্যে আমার বাধা নাই।

১ম-হত্যা। আমারও দেণ্ছেন, বিপদের সহিত বার বার বুদ্ধে এত কঠিন হ'রেছি, গুর্ঘটনার এত ক্লান্ত যে, প্রাণ নিরে স্থর্তি থেল্তে আমি সম্পূর্ণ প্রস্তা। হয়, জীবন ফিক্লক,—নর বা'কু।

ম্যাক্বে। উভরেই বুক্তে পেরেছ, বাাছো তোমাদের শক্ত। উভরে। হাঁ, প্রস্তু।

মাাক্ৰে। আমাদেরও শক্ত। এরণ ভরতর শক্তভা বে, সে জীবিত থাকার, প্রতি মুহুর্ত্তে মর্মাহত হব আশতা করি। বিচি আমরা প্রকাল্গে সে চক্ষের কণ্টক মোচনে সম্পূর্ণ সক্ষম এবং আমাদের আক্রামত, লোকে কার্যা সক্ষত বিবেচনা কর্বে; কিন্তু আমরা সেরপ ক'ব্ব না। কারণ, আমাদের সাধারণ বন্ধু কতক-ভলি আছেন, তাঁদের কামরা উপেক্ষা ক'র্ডে পাছিলে। আরা- দের ছারা এ কার্য্য সমাধা হ'লে, তাঁরা তার পতনে শোকার্ড হবেন। তোমাদের সহিত আলাপ ক'রে, এই জন্মই সাহায্য চাচ্ছি। এ কার্য্য সাধারণ চকু হ'তে আবরিত কর্বার, নানাবিধ শুক্তর কারণ আছে।

২ন্ন-ছত্যা। প্রভূ, আমরা আপনার আজ্ঞা সমাধান কর্ব। ১ম-ছত্যা। যদিচ আমাদের জীবন,—

মাক্বে। তোমাদের ক্লয়-ভাব তোমাদের চক্লের জ্যোতিতে

• প্রকাশ পাছে। আমরা, তোমাদের এক ঘণ্টা মধ্যে ব'লে দেব,
কোন্ থানে ভোমরা লুকিয়ে থাক্বে, ঠিক সময়ও নির্দ্ধারিত ক'রে
দেব, ঠিক মুহুর্ত,—অন্ধ রাত্রেই কার্যা নিশার ক'র্তে হ'বে;
রাজবাটী হ'তে কিঞ্চিৎ দ্রে। সাবধান, বেন আমাদের উপর
কোন সন্দেহ না আরোপিত হয়। তার পুত্র ক্লিয়েন্স তার সাথী;
সেই অর্কারে বেন পিতা পুত্রে মৃত্যু আলিঙ্গন করে। তার অন্তর্ধান হওয়া কোনও অংশে অপ্ররোজনীয় নয়। দেখ্, দক্ষতায় সহিত্
সমস্ত কন্টক আমাদের নির্দ্ধান ক'র, যেন কোন রূপ আর বাধা
না থাকে। বিরলে তোমরা ক্তসভ্র হও, আমি পশ্চাৎ আস্হি।

উভরে। আমরা দৃঢ়সকর।

মাক্বে। আমি তোমাদের নিকট দীঘট আস্ব, গৃহাস্তরে অবস্থান কর।

[ रठाकारीयत्तर शहान ।

चारमानन ममाश्च वयन।

তন বাাকে। তব আত্ম আজ নিশাকালে অৰ্গপ্ৰাপ্ত হ'বে, যদি অৰ্গ থাকে ভালে।

( धश्य ।

35

## দ্বিতীয় দৃশ্য।

### রাজভবনের অপর কক্ষ।

( (मडी-माक्तिय ७ वत्न चमूहात्त्र अत्म )

লেডী-মাক্। বাজো कি প্রস্থান ক'রেছেন ?
অন্তর । ইা দেবি, কিক্ক অন্ত রাত্রেই প্রত্যাগমন ক'র্বেন
লেডী-মাক্। মহারাজকে বলগে, আমি তাঁর সাবকাশ মত তাঁর সহিত ছই চারটি কক্ষা কইব।
অন্তর । বধা আজা দেবি।

( প্ৰস্থাৰ

শেষী-মাক্। শান্তিহীন বাসনা পুরণে কিবা ফল ? লাভ মাত্র নাই, ক্ষতি সম্পূর্ণ কেবল। যে স্থাধের হেডু চিত সদা সশব্বিত, বিষম আনন্দ যাহা হত্যায় অব্বিত, এ ভোগ হইতে শ্রেয়ঃ মরণ নিশ্চিত, হত জন নিক্ষােগ সংকাচ রহিত।

( माक्तराधत कारान )

বিকট কয়না-ছবি সনে, কেন নাথ, বঞ্চ বিজনে ?
স্বতনে কি হেডু ছশ্চিতা পাল ?
মৃত ব্যক্তি ল'বে আন্দোলন, কর্ত্তন করিতে লয়;
বে বিষর বিহীন উপার, আনোচনা উচিত বর্জন,
হ'বে গেছে, গিয়াছে মুরারে।
ম্যাক্ষে। অন্তাথাত করিয়াছি ভুজজের কার,
হয় নাই নিষন সাধন, কত পুনঃ হুইবে পূরণ;

সৰল হইবে অহি. ঘাঁটা'ছেছি ভায়. त्रहि आनदात्र, विवशस वर्गाहेत्व क'त्व। হর হোক এ বিশাল বিশ্ব গ্রন্থিহীন. ভূলোক ছালোক বদি যার রসাতলে. শরনে ভোজনে সশন্ধিত প্রাণে, রব না--রব না পুনঃ। ছঃস্বপনে, প্রতি নিশাবোগে, কম্পিত হ'ব না আর: व्यक्ष थ एक विशक्तां, व्र'व मुख गत्न, স্থুৰ আন্দে করি হার নিধন সাধন,---চিরশান্তি ক'রেছি বর্জন। নিদারণ অন্তর পীডন. নিম্বত এ যোর অধীরতা, শ্রেবঃ মৃত্যু ইহা হ'তে। ভূতপূৰ্ব রাজা এবে মহা নিজাগত, নশ্বর জীবন তাপ সহি কয় দিন, স্থনিজা মগন এবে: नाहि जात्र विट्याट्टन छत्र, অভিক্রম করিরাছে সীমা ভার। खद्ध वा शत्रम किया श्रहाज्य, विशक्त विश्रह किया, স্পর্নিতে না পারে তারে আর। নেডী-মাক। এন এন, কঠোর এ মুধকান্তি কর পরিহার; चन्न निर्मारगाम चारू नमारम, বিভাগ হে উচ্ছন আনন্দ ছবি। হ'বে কাৰ্য্য তৰ কথা মন্ত প্ৰিয়ে, ষাক্ৰে। यम नव जूनि रुख जारबाषिनी । जून नां, जून नां, মহা সমাদরে ব্যাকোরে করিতে পরিতোব: णात. नरामर जात्य क्षणानित्य प्रजर्मा.

উচ্চ মান করি দান।
বিড়খনা অধিক এ হ'তে কিবা আর,—
চাটুকারী আলখন মুকুট করিতে স্থায়ী!
হাসিমুখে মনোভাৰ গোপন ব্যতীত,
উপায় নাহিক কিছু।

লেডী-মাাক্। কেন এ ছক্ষিতা প্রাণনাধ!
মাাক্। প্রাণপ্রিরে, দ্বদর আমার বৃচ্চিক আগার,
সপুত্র জীবিত বাাক্ষো দেখ না অছাপি।
লেডী-মাাক। নহে তো অমর,

দেহস্বর চিরস্থায়ী নহে তো দোঁহার। মাাক্বে: ঐ ত সাম্বনা।

অভেন্ত নহে তো দোঁহে,
কর তবে চিস্তা দ্ব, হও প্রস্থলিত;
পাকে পাকে মন্দির ভিতরে প্রদোব-ভ্রমণ
না হইতে অবসান বাতৃশীর;
ডাকিনীর আবাহনে গোমবোথাগণে
করি অবিচ্ছিন্ন আচ্ছনকারিনী ধ্বনি—
তন্তাহিত বামিনী বাপিরে,
শ্বাবৃত পক্ষতরে না হ'তে উজ্জীন,
হ'বে ভরত্বর কার্য্য সুমাধান।

লেডী-মাক্। কি কাৰ্যা সাধন ?
মাক্ৰে। প্ৰবণে তোমার নাহি প্ররোজন আগরিপি।
অপ্রে কার্যা হউক সাধন, শ্রীভিকর কার্যা তব।
আর রে বানিনী আঁথি-আর্রণকারি!

আবরণ কর আসি, কোমলতা উদীপনী দিবার নয়ন :

অদৃশ্ত শোণিত-সিক্ত-করে,

থণ্ড থণ্ড কর সে জীবনলিপি,

পাণ্ডগণ্ড সভর অস্তর বাহে আমি।

অমল আলোক ক্রমে সমল এখন,
বারদ নিচর ধার নীড় অভিমুখে,
তমাক্তর বঞ্তশাধিচ্ছে।

দিবার মঙ্গলকর প্রকৃতি মলিন,
নিদ্রার আছের যেন।

ভরত্বর নিশা অমুচর আমিব-লোল্প

চলে ভঙ্কা অংবরণে।

হইতেছ চমৎকৃত বচনে আমার,—

হর হির, ধৈর্যো বাধ মন,

পাপকার্যা পাণ বিনা না হর পোবণ;

হও প্রিরে, মন সহগামী।

[ केटरबंद अवान।

## তৃতীয় দৃশ্য।

त्राक्षक्रवत्नत्र निक्रेक्ष केशवन ।

১ম-হতা। আমাদের সংশ থাক্তে তোমার কে বলে ? ৩য-হতা। মাক্ৰেও।

ংগ-হত্যা। এ বধন সৰ কথা ঠিক্ঠাক্ জানে, ঠিক্ঠাক্ বধন ধবর এনেছে, একে অবিবাস কর্বায় দর্কায় নাই। >ম হতা। তবে দাঁড়া ●, আলোর ছড়া এখনও একটু একটু পশ্চিমে চিক্ চিক্ছে, মোসাকেরেরা এখন পুব খোড়া চালিরে দিরেছে, চটিতে পৌছন চাই। আর বার প্রভাশাপর হ'ড়ে নাঁডিরে আছি. তিনিও এলেন ব'লে।

তম-হত্যা। শোন, বোড়ার পা'র শব্দ শোনা বাছে।
ব্যাহো। (নেপথো) আছে একটা আলো দেও তো।
২ম-হত্যা। সেই বটে ়িআর বাদের নেমবার ছেল, তারা
সব পৌছে গাছে।

১ম-হতা। বোড়া ছেড়ে দিলে বে।

ত্ম-হত্যা। প্রার আধক্ষোশ; ও বরাবরই এখান থেকে ইেটে বার, সকলেই তাই করে।

. २त्र-इजा। ७३ चारना ! ७३ चारना !

( বাজে ও আলো হতে সুিরেনের প্রবেশ )

৩ম-হত্যা। সেই বটে।

)य-हजा। **७९ लाल मे**ज़ा।

वार्षा। जान बृष्टि नाव्रव।

১ম-হতা। তবে আম্বক নেবে।

( वांट्डांटक ध्वरांत्र कत्रण )

বাজো। বিধানবাতকতা। ক্লিরেন্স, প্রবাও, প্রবাও, প্রবাও। প্রতিশোধ দিও। আরে নয়কের ক্রীতদাস।

্ৰেলালাৰ বৃদ্ধ ও বিবেশের পলাবৰ ) ৩ব-হড়া। কে,—আলো নিবিবে দিলে কে ? ১ব-হড়া। আলো না নেবালে চলে ? ৩ব-হড়া। এটা ডো পদ্দেৱে, ছেলেটা পালাল। ংর-হতা। কাজটা আধা বেঁচড়া হরে পড়্লো, ভাল ফালটাই হাভছাভা হরে গেল।

১ম-হতা। তবে চল বাই, যকুর হ'রেছে বলা যাক্গে। | সকলের এছান।

## চতুর্থ দৃশ্য।

### রাজভবনের সঞ্জিত কক্ষ।

( থানা –প্রস্তুত )

( माक्त्यभ, लिख-माक्त्यभ, तन, लिसक्न, लर्डनन, अ अनुस्त्रभागन व्यायम )

মাক্বে। যথাযোগ্য আসন গ্রহণ করুন। সকলেই আমার আহুত, সকলকেই আমি সমভাবে অভার্থনা ক'রছি।

লর্ডগণ। মহারাজের সৌজন্তে স্থাপারিত হ'লেম।

মাান্বে। অভিধি-সংকারে আমি ব্রতী, আমি আপনাদের সহিত রইলেম; রাণী সিংহাসনে থাকুন, ওঁকেও আমাদের দেখুতে শুনতে হবে।

লেডী-মাক্। মহারাজ, আমার হ'বে বলুন, ওঁলের আগমনে আমার অন্তঃকরণ আননে পরিপূর্ণ।

#### ( ১ম হভাকোরীর বারে আগমন )

ম।ক্ৰে। এঁরাও কৃতজ্ঞতার সহিত রাজীকে অভিবাদন ক'জেন। হ' দিকেই সমান, এই মধাক্লে আফি ব'স্ছি। সকলে আনক ক্রন, পান-পাত্র গ্রহণ কর্বন, আস্ছি। (বারের নিকট আসিরা) ভোষার স্বে শোশিকের চিহ। হতা। তবে এ বাছোর বক্ত।

ম্যাক্বে। এ শোণিত তার ধমনীতে প্রবাহিত হওয়া অপেকা তোমার অকে ভাল, তাকে সেরেছ কি ?

হতা। প্রভু, তার গলা কাটা গিয়েছে, আমি কেটেছি।

ম্যাক্বে। তুমি খুনীর শিরোষণি! আর যে ক্লিয়েন্সকে বধ করেছে, দেও খুব যোগা। তুমি যদি ক'রে থাক, তোমার তুশনা নাই।

হতা। মহারাজ, ফ্লিমেন্দ পালিয়েছে।

মাক্বে। তবে আবার জামার পাঁড়া উপস্থিত হ'ল; নতুব;
জামি নারোগ্য লাভ কর্তেম, প্রত্তরের ভার অটুট হ'তেম,
পর্পতের ভার নচল হ'তেম, ধরাবাাশী বায়ুর ভার স্বাধীন হ'তেম;
একণে আমি কুড, কীণ কারাগারে সন্দেহ-পাঁলে আবদ্ধ।
কিন্তু, এর সহকে ত নিশ্চিত্ত ?

হতা। ইা মহারাজ, সম্পূর্ণ নিশ্চিন্ত হোন, তার আর কোন উবেগ নাই; ধানার প'ড়ে আছেন, কুড়িট ঘা মাণার, তার ভেতর যে ছোট ঘা'ট, তাতেই মানুবের প্রাণ থেরোয়।

মাকিবে। ভাল, ভাল,—উত্তম করেছ।

( খগতঃ ) বৃদ্ধ সর্গ হ'রেছে নিধন, বে কীট ক'রেছে পলারন— কালে তাছে ক্ষমিৰে গ্রল, বিষদস্ক হীন এবে। ( প্রকাশ্যে ) যাও, কল্য পুনঃ দেখা হ'বে।

[ रठा कांबीत श्रहान ।

লেডী-মাক্। মহারাত, আপনার অভার্থনার ক্রচী হ'ছে।
আভোপাত নিম্বিতগণের সনাবর না হ'লে, পাছনিবাসে অবদানে

ভোজনের সদৃশ হর। যদি ভোজনের আবস্তক হ'ত, গৃহে ভোজন করিবেই হ'ত। এরণ স্মারোহে অভার্থনা, নিতাস্ত প্রয়োজন।

মাক্বে। প্রিয়ে, যথার্থ বলেছ, সকলেই আহার করুন, পান করুন, আহার স্থীর্ণ হউক, স্বাস্থ্য বর্দ্ধন করুক।

লেনক্। মহারাজ, অত্থাহ করে আসন প্রহণ কলন।

( ব্যাকোর প্রেভাস্থার প্রবেশ ও ম্যাকবেধের আসনে উপবেশন )

মাক্বে। উদারস্থাৰ বাাছো এ স্থলে উপস্থিত থাক্লে, আমাদের গৃহে বাদেশগৌরৰ সমস্ত বাক্তি একত্তিত হ'তেন। কোন ছকৈব আশহা অপেকা তাঁর অন্থপস্থিতিতে তাঁর স্লেহের অভাবই অমৃত্ত হচেছ।

রস। ,তিনি উপস্থিত না হ'রে সম্পূর্ণ অঙ্গীকার ভঙ্গ ক'রে-ছেন। মহারাজ আন্মন, সভার গৌরব বর্জন কঞ্চন।

মাাক্বে। সমস্ত আসনই পরিপূর্ণ দেখ্ছি। লেনক। এই তো মহারাজের আসন শুক্ত রয়েছে।

ম্যাক্ৰে। কোথার ?

লেনক্। মহারাজ, এই বে। আমর্থা, কি নিষিত এরপ চঞ্চল হ'জেন ?

गाक्ता व कांव कांत्र !

मकरन। महाबाब, कि जाका क'ब्राइन १

মাক্বে। আমি করেছি ব'ল না, শোণিতাক কেশ আমার কেন প্রদর্শন ক'বছ ?

